রাজা রাজনারায়ণের আমলে দুর্গাপূজার দিনগুলিতে অতিথি-ভোজনের জন্য আয়োজন করা হত ১৪৩ মণ পানতুয়া, ১০০ মণ সন্দেশ ও ১২০ মণ দইচিড়ে। প্রতিদিনই আসতেন প্রায় ছয়-সাত হাজার মানুষ। প্রতিমা তৈরি হত ১০৮ মণ খড়মাটি দিয়ে। উপচৌরাশের দিন ভোগপ্রসাদের আয়োজন শুরু হত, মূর্তি গড়ার কাজ। ষষ্ঠীপক্ষের চৌদ্দ দিন আগে আসার ভোগপ্রসাদের আয়োজন শুরু হত বেদীর বোধন। পূজার ১০৮টি ছাগ এবং ৯টি মহিষ বলি দেওয়ার রীতি ছিল। আর এখন রাজবাড়ির কর্তৃপক্ষ সংখ্যায় ৮টি ছাগবলির ব্যবস্থা করলেই হিমসিম খাচ্ছেন। রাজনারায়ণের সময় সন্ধিপূজার প্রধান নৈবেদ্যতে থাকত ১০ মণ আতপ চাল, ১ মণ গুড়ালের একটি রাবড়ি, এ ছাড়াও আরও ২০০ রকমের নৈবেদ্য থাকত। রাতে দেবীর ভোগ হত লাবড়া খিচুড়ি, ১ মণ ঘীয়ের লাবেস এবং ১ মণ রসগোল্লা দিয়ে। সন্ধিপূজার শুরুতে রাজবাড়ি থেকে বেরান রাজা হত। সে-সময় রাজপরিবারের মহিলারা ছিলেন পুরোপুরি পর্দানশিন। পূজামণ্ডপের পাশে একটা ঘেরা জায়গা থেকে তাঁরা পূজা দেখতেন। দুর্গা-মুখার্জী ফ্যামিলির পরিচিতা জানি দুর্গামুখার্জী যে পথ দিয়ে পূজামণ্ডপে যেতেন, সেই পথটির দুপাশে উঁচু করে ঘিরে দেওয়া হত।

এই সব রাজবাড়ির দুর্গোৎসবের পাশাপাশি জমজমাট ছিল বাংলার বিভিন্ন স্থানে আরও বেশ কিছু বনেদি পরিবারের পূজার সন্ধান পাওয়া যায়। যেমন, মুর্শিদাবাদ জেলায় দুর্গোৎসবের সূচনা হয়েছিল সেপ্ত ঘর্গী জাহাঙ্গীরনগর সময় থেকে। এখানে আজও পাঁচখুপি গ্রামের পূজা উল্লেখযোগ্য। এই গ্রামে মোট আটটি পারিবারিক পূজা হয়। এখানে বিজয়ার নিয়মটি খুব অন্যরকম, কেননা ওই দিন এখানে কুমারীপূজা দেখার কথা। আগের সময় থেকে প্রতিমাগুলি আলো বাজনা-সহকারে গ্রাম প্রদক্ষিণ করে। বিসর্জন হয় মধ্যরাত্রিতে ভাগীরথী নদীতে।

বীরভূম জেলার সুরুলের গড়জগন্নাথবাড়ির পূজা বিশেষ উল্লেখযোগ্য। বোলপুর-সিউড়ি বাসরুটের উপর এই গ্রাম। বিশ শতাব্দীর শুরুতে রবীন্দ্রনাথ এখানে এঁর পত্নী সাগরবের কাছে যান। জানা যায়, অষ্টাদশ শতাব্দীর প্রথম দিকে বর্ধমানের বাঁজা নদীতে ডুবে প্রতিমা করে সরকার গ্রামের উৎসাহী ব্যক্তি ব্রজনাথ সরকার প্রচুর অর্থ দান করেন।

মেদিনীপুরে রাজবাড়ির পূজা ছিল বেশ জাঁকজমকপূর্ণ। কিন্তু পারিবারিক পূজার ইতিহাসও প্রায় ৩৫০ বছরের। ছোট-বড় জমিদারেরা তাঁদের অট্টালিকাতে দুর্গোৎসব করতেন অনেকেই। যেমন, কেলোমালের ঘোষেদের দুর্গোৎসব। সেখানে একসা নব্বই মহিষ বলি হত। বিশাল সেই পূজার দালান আজও আছে। পূজাও আছে, কিন্তু মোষবলি আর হয় না।

উত্তর চব্বিশ পরগনার দুর্গাপূজার ইতিহাসও প্রায় ৩৫০ বছরের। ঐতিহাসিকদের বিবরণ সূত্রে জানা যায়, জোব চার্নক কলকাতার পত্তন করার প্রায় ৫০ বছর পর কাশীপুরের পত্তন হয়েছিল। ১৭৫০ সালে ইংরেজ সাহেবদের নজরে পড়ে কাশীপুর। তার পূজার প্রচলন আরও আগে। প্রত্নতাত্ত্বিকদের মোতাবেক শঙ্কর চক্রবর্তীর বড়তলেতে রানীমণি প্রথম কাশীপুরে দুর্গাপূজা করেন। সেই পূজা আজও নিয়ম মেনে হয়ে আসছে। এই জেলার সীমান্ত শহর বনগাঁর পূজাও বেশ জাঁকজমকপূর্ণ।

শীতকের এপারে যখন দুর্গাপূজার এত আয়োজন, তখন আলাদিকভাবেই কৌতূহল জাগে, ওপারে আমাদেরই এক সমৃদ্ধের রাষ্ট্র বাংলাদেশে পূজার আদৌ কেমন ? বলা বাহুল্য, বাংলাদেশের দুর্গাপূজা কম জাকজমকের নয়। পূজার প্রতিমা

এলাকার পূজামণ্ডপগুলিতে নানা সাংস্কৃতিক অনুষ্ঠানও হয়। চলে প্রসাদভোগ বণ্টনও। এমনকি রক্তদান শিবিরও। সব মিলিয়ে দুর্গাপূজার দিনগুলিতে আনন্দে মেতে ওঠে বাংলাদেশের সংখ্যালঘু সম্প্রদায়। এখনকার সবচেয়ে জনপ্রিয় ও ঐতিহ্যমণ্ডিত পূজা হল বাকরাবাদী ঢাকার ঐশ্বরী মন্দির প্রাঙ্গণের পূজা। মন্দিরের সার্বজনীন পূজা কমিটির উদ্যোগে এই পূজা অনুষ্ঠিত হয়। এই উপলক্ষে অঞ্জলি প্রদান, প্রসাদ বিতরণ ছাড়াও মূল সংগীতানুষ্ঠান, আরতি প্রতিযোগিতা, বোঙ্গার রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। মন্দির প্রাঙ্গণে মেলা বসে।

এছাড়া ঝালকাঠি এবং এখানকার রামকৃষ্ণ মিশনের পূজা। এই পূজার মূল আকর্ষণ অষ্টমী তিথিতে কুমারী-পূজা। এ দেখতে এত ভিড় হয় যে, মিশন সংলগ্ন হাইস্কুল, মহিলা কলেজ প্রভৃতি এলাকায় ব্যাপক যানজটের সৃষ্টি হয়। এ ছাড়া শহরের জনপ্রিয় পূজাগুলির মধ্যে আছে সিদ্ধেশ্বরী সার্বজনীন দুর্গোৎসব, শ্রীশ্রীরাধাগোবিন্দজী জন্মাষ্টমী ও শ্যামলা কমিটির উদ্যোগে দোলের দোল অনুষ্ঠান দেখার মতো। এইসব পূজামণ্ডপগুলিতে বাংলাদেশের মন্ত্রিমন্ত্রীগণ ও বিদেশি অতিথিরাও উপস্থিত থাকেন। তবে শুধু ঢাকা শহর ও তার পার্শ্ববর্তী এলাকাই নয়, দুর্গাপূজা এখন বাংলাদেশের বিভিন্ন জেলায় বেশ ছড়িয়েছে। বাংলাদেশের জনপ্রিয় সংবাদপত্র ইত্তেফাকসূত্রে জানা যায়, নারায়ণগঞ্জ জেলায় বর্তমানে ১৪টির মতো পূজা হয়। এর মধ্যে নারায়ণগঞ্জ শহরে হয় ২৪টি পূজা। গাজিপুর জেলায় ২টি সৌখিনভাবে ও ৫টি খানা মিলিয়ে মোট পূজার সংখ্যা ১৩৯টি। খুলনা মহানগরীতে দুর্গাপূজার সংখ্যা ৪৭টি। বরিশালে পূজার সংখ্যা সবচেয়ে বেশি। এখানে মোট ২১৫টি পূজার সন্ধান পাওয়া গেছে। এর ঠিক পরই আছে সিরাজগঞ্জ জেলা। এখানে বর্তমানে ২০৯টি পূজা হয়। অবশ্য এ থেকে দুর্গাপূজার প্রসারতা বা সাম্প্রতিক কোনও ধারণা নেই। কেননা এতে তো আলো-কাঁটা সীমানা বা অন্যান্য খোলাবে কোনও উপায় নেই। তাছাড়া উপায় আমার রাজা কংসনারায়ণ, যিনি অষ্টাদশ শতাব্দীতে প্রথম দুর্গাপূজার প্রচলন করেন, তিনি বর্তমান বাংলাদেশেরই লোক ছিলেন। তাঁর রাজা ছিল ডাকশাই জেলার তাহেরপুরে। বলাবে থেকে সেদিক দিয়ের এর ওজন কম নয়।

যাই হোক, এবার আবার একটু মূলের পূজায় ফেরা যাক এবং সেই সঙ্গে একটি স্বতন্ত্র ধরনের পূজার কথায় আসা যাক। সে হল বহড়া রামকৃষ্ণ মিশনের পূজা। মিশনের পূজা হয় সম্পূর্ণ ভিন্ন রীতিনীতিতে। নিবেদের পত্রিকা মতে। এই পত্রিকার বিধি আমাদের পঞ্জিকানাল অ্যাস্ট্রোনমি মেটায়। অবশ্য সাধারণ দুর্গোৎসবের এক মাস আগেই কখনও কখনও মিশনের পূজা হয়ে যায়। পূজার ব্যাপারে দেশ-বিদেশের মিশন কেন্দ্রগুলিতে একই নিয়ম অনুসরণ করা হয়। মিশনে পূজার সূচনা ১৯৩১ সালে যেসুর মঠ রামকৃষ্ণ মিশনে। স্বয়ং বিবেকানন্দ এই পূজার উদ্যোক্তা ছিলেন। বহড়া রামকৃষ্ণ মিশনের প্রতিষ্ঠা হয় ১৯৪৪ সালের ১ সেপ্টেম্বর। মিশনের স্বামী, শিষ্যরা সকলেই পূজার আগে যেন। সাধনে মিলে তাদের ভোগ রান্না করেন। বেলুর মঠে কুমারীপূজা হয় এবং এই পূজা দেখার বেশ ভিড়ও হয়।

দক্ষিণ চব্বিশ পরগনার দুর্গাপূজার ইতিহাস সেই সপ্তদশ-অষ্টাদশ শতাব্দীর পরিমণ্ডলের সমর্থনের। ১৮৯২ সালে স্বামীজি সদ্য জয়নগর-মজিলপুরে আসেন। তিনি এখানে পূজার সূচনা করেন। সেই পূজা অব্যাহত হয়ে আসছে। প্রথমে ঘিরে ধরলা। সেটি শেষিয়ে ফুলমাখানো, দেবীমন্ত্রক, শিষ্যের মন্দির। এরপর হ্রাসিলন এবং বেলতলা। বেলতলার উপরের ঘরে বসিয়ে থাকতেন। এই পরিবারের যোগেন্দ্রনাথ সরকার ধনির বন্ধু ছিলেন তিনি। এই জেলার গাজীপুরে যেপুটি ম্যাজিস্ট্রেট থাকাকালীন পূজার কটা দিন তিনি এখানেই কাটাতেন। জানা যায়, এখানে এই পূজা দেখতে দেখতেই তিনি বন্দেমাতরম লেখার প্রেরণা পেয়েছিলেন।

সেই সব দিন আর নেই। দেখতে দেখতে সময় গড়িয়ে গেছে এক শতাব্দী থেকে আর এক শতাব্দীতে। সময়ের পরিবর্তনের সঙ্গে সঙ্গে দুর্গাপূজাও এসে গেছে নানা পরিবর্তনের জোয়ার।

একদিন কলকাতার কলকাতা ছিল রাজ-রাজড়াদের একচেটিয়া। এই কারণে 'আঢ্যের-নিরাকুলশনী' 'বারোয়ারিতলিনী' হলেও, পুরোহিতের অনুরোধে লক্ষ্মীপূজা, উপপুরোহিতের অনুরোধে সরস্বতী পূজা করলেও সেকালে দুর্গাপূজায় মেতে উঠতেন। তাঁরাই বারোয়ারি পূজার প্রচলন করেছিলেন। বারোজন ইয়ার (বন্ধু) মিলে শুরু করেছিলেন বলেই তা বারোইয়ারি। ১৭৯০ সালে শুরুপাড়ার এই বারোয়ারি পূজার সূচনা হয়েছিল।

কিন্তু সে-সময়কার বারোইয়ারি পূজা শতাব্দীকালের নতুন নামে নতুন রূপ পরিগ্রহ করল। বারোইয়ারি থেকে বারোয়ারি। আর বারোয়ারি থেকেই এলো সার্বজনীন পূজা। আজ থেকে ৭৫ বছর আগে ১৯২৫ সালে বিপ্লবী অরবিন্দপ্রকাশ বসু কলকাতায় প্রথম সার্বজনীন দুর্গোৎসবের সূচনা করেছিলেন। সেই থেকে আজকের সার্বজনীন পূজার জয়রথ চলে আসছে।

বঙ্কিমচন্দ্রকে দুর্গোৎসবের প্রকল্পনায়ে প্রভাবিত করেছিল। 'মা কি ছিলেন, মা কি হইয়াছেন'—ঋষি সাহিত্যিকের এই উপলব্ধি সে কারণেই। সাহিত্যে দুর্গাপূজার উল্লেখ আছে নতুন নয়। রামায়ণে অকালবোধনের আছে, দেবী দুর্গাপূজাই। আছে আধুনিককালের সাহিত্যেও তার নিদর্শন মেলে। শুধু সাহিত্যই বা কেন, চলচ্চিত্রে শিল্প, অঙ্কন শিল্প, ভাস্কর্য শিল্প—সব ক্ষেত্রেই তার নিদর্শন বিরল নয়। বর্তমানকালে দুর্গাপূজা জনজীবনে এক নতুন মাত্রা যোজনা করেছে। এই পূজা শুধুমাত্র হিন্দুদের পূজা হয়ে থাকেনি, আজ তা সর্বধর্ম সমন্বয়ের এক জ্বলন্ত ও জীবন্ত উদাহরণ হিসেবে উদ্ভাসিত হয়েছে। পূজার চারটি দিন হিন্দুদের নয়, মুসলমানদের নয়, বৌদ্ধ-ক্রিশ্চান-জৈনদেরও নয়, সবার মিলিত সৌহার্দ্যের দিন, ভ্রাতৃত্বের দিন হয়ে উঠেছে। এখানেই এই পূজার সার্বজনীনতা।

কলকাতার 'বাবু'দের দুর্গোৎসব

কালিদাস হাজরা

সময়ের সঙ্গে সঙ্গে মানুষ বদলাই এটাই নিয়ম, তাইই সে প্রগতিশীল হয়ে ওঠে; কিন্তু মানুষ যদিই প্রগতিশীল হোক না কেন, সে অতীত বা পুরাতনকে ভুলতে পারে না। কারণ, অতীত বা পুরাতনকে নিয়েই বর্তমানকে ভালোবাসে সে।

তাই পুরনো কলকাতাকে জানতে ও চিনতে আমাদের এখন বারবার পিছন ফিরে তাকাতে হয়।

হিকি সাহেবের কলকাতা, সমাচার দর্পণ পত্রিকা এবং পাইকপাড়ার রাজা ১ম প্রতাপচাঁদ সিংহের (১৮১৮-১৮৮৩) "আলালের ঘরের দুলাল" এমন অনেক লেখাতে তৎকালীন সামাজিক চিত্র যেমন পাই, তেমনি—কালীপ্রসন্ন সিংহের (১৮৪০-১৮৭০) প্রসিদ্ধ বাক্য যদি বলা—"হুতোম প্যাঁচার নক্সা", তার মধ্যে পাই—পুরনো কলকাতার ধনী নগরিক ও সাধারণ সমাজ কী পরিমাণে মদ্যপায়ি ছিল, সেসময়ের দুর্গোৎসব উৎসবে কতটা উন্মাদিত হত, উৎসব অনুষ্ঠানে প্রধান ব্যাপার কত অশ্লীলতাদোষে অনুষ্ঠিত হত, শিক্ষিত যুবক, ছোর, ব্রাহ্ম, বৈষ্ণব, বারবধূ, গড়ুর, গায়ন, নোল, দুর্গোৎসব, ঠাকুরেবাবু, মোসাহেব পরিবৃত রাজের মুখ, অর্থাৎ ছবিসহ, শহরের হিপারী, কেরানি, দোকানী, মুটিয়ে, পুরুতঠাকুর, ঘুড়ো পর্যন্ত নতুন বাগর প্রভৃতি কলকাতার ছবি আমরা জানতে পারি।

২

সেই কলকাতা মহানগরীর বর্তমান বয়স ৩১০ বছর চলছে। কলকাতা মহানগরীর গৌরব কাহিনী নানামুখী হলেও কেউ বলে—মুমূর্ষু নগরী, কেউ বলে—বর্ষীয়ান জরা নগরী, কেউ বলে—হিংসিল নগরী, আবার কেউ বলে—উৎসব নগরী, কেউ বলে—বহুযুগে নগরী।

ঠিক তেমনি, উনবিংশ শতাব্দীর একেবারে গোড়ার কথা, কলকাতার ব্যবসার বাণিজ্যে একচেটিয়া ফেন্টুসের বোলবোলা। তৎকালীন সময়ে ফেন্টুসের দুর্গোৎসব ভারতের রাজধানী কলকাতাতে (১৯১১ সাল পর্যন্ত কলকাতা ছিল ভারতের রাজধানী) সাড়া জাগিয়ে তুলেছিল।

উনবিংশ শতাব্দীতে নবজাগরণের সময় ব্যবসা-বাণিজ্যের লেনদেনের সুযোগে এবং ইংরেজ বণিকদের অনুকূলে, তাদের ইংরেজ সরকারের তাঁবেদারি করে, এবং চাকরিসূত্রে কলকাতায় এক নতুন ধনী সম্প্রদায় গড়ে উঠেছিল, তাদেরই কলকাতার "বেঙ্গলি" নামে পরিচিত ছিলেন। আজও তাই সকলের মুখে মুখে কলকাতার বাবু শব্দটি জনপ্রিয় হয়ে রয়েছে।

এলে এই সময় ছাপের (ফেন্টুসের) নিচে (পুরনো) কলকাতার সমাজকে কতখানি প্রভাবিত করেছিল তৎকালীন সমাজ।

দুর্গোৎসব ছিল ফেন্টুসের প্রধান অঙ্গ। অর্থাৎ দুর্গোৎসবই ছিল ধনী সম্প্রদায়ের প্রধান অঙ্গরাগ, যে কয় অর্থ খরচ করতে পারেন তার বেশিরভাগ এলে। তার প্রমাণ এক সময় কলকাতায় ফেন্টুসের মধ্যে অর্থাৎ গোবীমোহন দেবের সঙ্গে রামচন্দ্র মিত্রের দুর্গাপূজা নিয়ে ঐতিহাসিক বিরাট প্রতিযোগিতা গড়ে উঠেছিল।

এ প্রসঙ্গে দুর্গোৎসব উপলক্ষে মদ্যের-মেয়েমানুষের অর্থাৎ ইংরেজ রাজকর্মচারীদের আনাগোনার কথা উল্লেখ করেছেন কলিকাতার শোভাবাজারের রাজা নবকৃষ্ণ দেব ও প্রাণ রংপরবরা। সবচেয়ে উল্লেখ ছিল—ফেন্টুসের দুর্গোৎসবে নাচেওয়ালিদের চালচলন। তাই কলকাতায় ফেন্টুসের দুর্গোৎসব নিয়ে সংবাদপত্রগুলি ছিল সদা জাগ্রত।

১৭৫৬ সাল।

লর্ড ক্লাইভের পায়ের তলায়। ক্লাইভের খুশী ছিলেন মহারাজ নবকৃষ্ণ। তাঁর বাড়ি যেন অমরাবতীসদৃশ রাজপ্রাসাদ। নগরের অধিবাসীরা তখন পাড়ি জমিয়ে নবকৃষ্ণের বাড়ি আসতেন দুর্গাপূজা দেখতে। এ প্রসঙ্গে নবকৃষ্ণের অমন্ত্রণপত্রের (চিঠি) কথা আজও স্মরণীয়। তিনি তাঁর এক বন্ধুকে পুজো দেখার জন্য চিঠি লিখেছিলেন—"এবার পুজোর সময় লর্ড ক্লাইভ অনুগ্রহপূর্বক আমার বাড়িতে প্রতিমা দর্শন করিতে আসিবেন। ইহাঁর সহিত ফোর্টস্থিত অন্য কয়জন ব্যক্তিও উপস্থিত থাকিবেন।"

আসলে সম্বৎসরের প্রধান আকর্ষণ ছিল দুর্গাপুজো উপলক্ষে রোশনাই দেখা, নবকৃষ্ণের ছিল অঢেল টাকা। তাই দেশ-দেশান্তর থেকে নিয়ে আসতেন উল্লিখিত যৌবনা ও সুঠাম তনু, সুকণ্ঠী বাঈজীদের। তাদের নিক্কণে কম্পিতে পায়ের নূপুরে ছন্দ-মুখরিত হবে উঠত উৎসবের রাত্রি। অপর দিকে গানের তালে তালে তারা অঙ্গভঙ্গি ও ভাবভঙ্গি দিয়ে ফোর্টস্থিত সাহেব-মেম সাহেব ও তাঁদের বীবা (মেম)। নবকৃষ্ণের এই সমাবেশের পটভূমি ছিল বেশ কয়েক পুরুষ।

যেমন ১৮১৬ এবং ১৮১৯ সালের ইংরেজি সংবাদপত্রের কথা উল্লেখ করা যায়—পুজোয় অনুষ্ঠানসূচিতে ঘোষণা করা হয়েছিল এবং নিজামতের অনুষ্ঠান তালিকায় বাঈজীদের নাম থাকত। উল্লেখযোগ্যদের নাম—রাইজী মিঠী, বেগম-জান, হীরাজান, হিরন, আলমজন ও হীরা বুলবুল।

এ প্রসঙ্গে ১৮১৯ সালের ২২ সেপ্টেম্বর—"কোলকাটা জার্নাল" পত্রিকায় প্রকাশ হয়েছিল, এবার শারদীয়া পুজোয় শ্রেষ্ঠ আকর্ষণ সুকণ্ঠী ও সুহাসিনী বাঈজী বুলবুলের অনবদ্য নৃত্য ও গীত। অতীতে এই উল্লিখ যৌবনা সুকণ্ঠী গায়িকার গান শোনার সৌভাগ্য যাঁর হয়েছে, তিনিই উচ্ছ্বসিত প্রশংসায় পঞ্চমুখ হয়ে উঠেছিলেন—আমরা আশা করছি এই আসরে বুলবুলের সঙ্গে মিঠী ও আলমজন উপস্থিত থাকবেন।

এবার আসা যাক ইংরেজ মহিলা মারানি পার্কসের কথায়। তিনি ব্যবসা উপলক্ষে এসে প্রায় দু'বছর ছিলেন (১৮২৪ থেকে ১৮২৬)। ১৮২৫ সালে তাঁর বিবরণ থেকে পুরনো কলকাতার পুজো সম্পর্কে নিম্নে ঘটনা জানা যায়—তাঁর বিবরণীতে সেকালের দুর্গাপুজোয় কলকাতার বড় লোকদের বাড়িতে বাঈজী নাচ-গানের কথাও উল্লেখ করেছেন। মিসেস পার্কস এক ফোর্টস্থ বাড়ি দুর্গাপুজা দেখতে গিয়ে বিবরণ দিয়েছেন—"দেবীমূর্তির পূর্ণ বর্ণনা ও মণ্ডপের পাশে প্রচুর খাদ্য ভাণ্ডারের কথা, যার ফলে ফোর্টের রাজকীয় পরিচয় ফুটে উঠেছিল।"

কলকাতেল সাহেব তাঁর বিবরণীতে প্রকাশ করেছেন—"দুর্গা প্রতিমার সাজটি সেকালেরীতে একত্রে দেখা যায়।" তিনি প্রকাশ করেছেন ফোর্টের পূজার সময় যে সব ইউরোপীয়রা নিমন্ত্রিত হতেন, তাঁদের কাছে ফোর্টের কুল, ফল দিয়ে অভ্যর্থনা জানাতেন। প্রতিদিন সন্ধ্যায় বিরাট ভোজ বসতো, তার সঙ্গে নাচ-গানের আসর বসত।"

শুধু তাই নয়, পুরানো কলকাতার ফোর্টস্থিত মাড়ওয়ারের রাজধানীর রাজপুরোহিতের জমিদার "দেওয়ান গোপ" তাঁর বাড়ির দুর্গোৎসবের নিমন্ত্রিতদের অভ্যর্থনের জানাবার জন্য লিখেছিলেন, আমরা টেরা দিয়েছিলেন। আসল কথা হল—এলাকাতার কাছ প্রসাদার বাড়ে যা বোঝায়, তা হল—এই সময় বৃটিশ সাম্রাজ্যের প্রতিনিধিরা অর্থাৎ East India Company-র কর্মকর্তারা এদেশীয় উৎসব বা পূজা অনুষ্ঠানে পৃষ্ঠপোষকতা করতেন। পুজার সময় তোপধ্বনি করা East India Company-র সেনাদের। ইংরেজীন ইতিহাস থেকে জানা যায় যেবার বিপক্ষে পড়লেই তোপধ্বনি পক্ষ থেকে সাহেবরাও পূজা দিয়ে আসতেন দুর্গা মন্ডপে।

৩

১৭৫৭ সাল।

ঘটে গেল ঐতিহাসিক পলাশীর যুদ্ধ। পলাশীর যুদ্ধে জয়-লাভের ফলে ব্রিটিশ সাম্রাজ্যবাদীর আনুষ্ঠানিক ভিত্তির সূচনা হয়। অবশ্যম্ভাবী হল ভারতবর্ষ।

ঐতিহাসিক পলাশী যুদ্ধের অব্যবহিত যে পুজোতে ইংরেজরা মহাধুমধামের আসর বসাতে শুরু করল, সেটা ছিল কলকাতায় বৃদ্ধে শোভাবাজারের মহারাজা নবকৃষ্ণ দেবের রাজবাড়ির পুজো।

ইংরেজদের তাঁবেদারি করে এই সময় নবকৃষ্ণ দেব যেমন মহারাজ খেতাব পেয়েছিলেন, তেমনই রাজকীয় সম্মান রাখতে অকাতরে অর্থব্যয় করতেন।

ইংরেজ অনুগ্রহপুষ্ট নবকৃষ্ণ দেবের দুর্গোৎসবে লর্ড ক্লাইভ থেকে শুরু করে বড় সাহেব-মেম, ইংরেজ রাজকর্মচারীদের আগমন হত। তাঁর মৃত্যুর পরও এই ঐতিহ্য বজায় ছিল।

এ প্রসঙ্গে উল্লেখ্য যে, সাহেবরা কোনও বাড়ির বা কোনও ফোর্টদের দুর্গোৎসবে যোগ দিচ্ছেন, কোনও বাড়িতে গিয়ে খানা-পিনা করছেন তার ওপরই ফোর্টদের বা দুর্গোৎসবের সামাজিক প্রতিপত্তি নির্ভর করত সেকালে।

মহারাজা নবকৃষ্ণের জীবনচরিত থেকে জানা যায় নানা বিষয়। তাঁর আধ্যাত্মিক কাজের মধ্যে দুর্গোৎসব ছিল প্রধান। তাই দুর্গোৎসবের সময় আরা কলকাতার লোক নাকি তাঁর পুজোর উৎসব দেখার জন্য কাতারে কাতারে হাজির হতেন। তাঁর বাড়ির এলাকা লোকে-লোকারণ্য হয়ে উঠত। তাতে বিপুল রাজবাড়ির শোভা বৃদ্ধি পেত। ফলে কালে-কালে লোকের মুখে মুখে এই রাজবাড়ির নামই হয়ে যায় 'শোভাবাজার', একটি নাম আজ কলকাতার ইতিহাসে স্থায়ী আসন ও নাম গ্রহণ করেছে।

জীবনকৃষ্ণ মিত্র তাঁর সুরধনী কাব্যে শোভাবাজারের রাজবাড়ির দুর্গোৎসবের বর্ণনা রেখে গেছেন

"এই দেখ রাজবাটী রম্য অট্টালিকা,
দুর্গোৎসবে সাহেবিনী সদলে নায়িকা,

ঝুলিয়েছে ঝাড়বুকে বাতি—পরিকল্পনা,
পুলিশেরও চক্ষুস্থির লোভা অনোহর,

বিরাজ খানে দুর্গা হেন বিরিঞ্চিতন

নাচিয়েছে নর্তকী ঘুরি কাঁপাইয়ে কর,
বহুল সাবাস বাজে ঢোল অনোহর।"

মুহাম্মদীর জমিদার, শোভাবাজারের রাজাদের সব আয়োজনেই ছিল অতীতের ছবিটা, তাই রাজবাড়ির সরিষপুজো শুরু হলেই আমন্ত্রণ জানা হত, সেই ষোলশতাব্দি থেকে তবেই কলকাতায় অন্যান্যে বাড়ির পুজো আরম্ভ হত।

রাজা নবকৃষ্ণ দেবের দুর্গোৎসবের একেবারে আদি-অকৃত্রিম রূপে ইংরেজরা অবাক হয়েছেন, ইংরেজ সাধারণ অধীনস্থরাও, এমন কি রাজকর্মচারীরা, পাশক শ্রেণীরাও তাঁরা করে বলেছেন (১৯৫৭ সাল) 'পলাশীর যুদ্ধের জয়ের সৃষ্টি উৎসব'।

ঠিক এরকম পর্যবেক্ষণ করলে দেখা যাবে, পলাশীর ভারতবর্ষে ইংরেজ নব-দীক্ষিত এলিটদের আলাদার, আলাদার কলকাতার সমাজজীবনে প্রভাবিত হয়েছিল। তার মধ্যে বিশেষ করে উল্লেখ করতে হয়, ইংরেজি আদবকায়দা ও সুযোগ মিশ্রণে বাঙালীর সংস্কৃতির পরিবেষণা। তার প্রমাণ, ১৭৯২ সালে রাজা সুখময় রায় তাঁর বাড়ির দুর্গোৎসবে এই বিদেশি সংস্কৃতির ও নাচের আয়োজন করেছিলেন। শুধু তাই নয়, লন-সাজিয়ের আতিশয্য, ইংরেজি আদবায় খানা-পিনার প্রচুর্য, তার সঙ্গে প্রায় ও পাশকাতের সংমিশ্রণে নাচ-গানের আতিশয্য বজায় থাকত। কিন্তু শেষ পর্যন্ত আড়ম্বর ও বিলাসিতার মধ্যে পূজাপাঠ, অনুষ্ঠানের ক্রিয়াকলাপের নিষ্ঠা অনেক সময় হারিয়ে যেত।

৪

কথায় আছে, ইতিহাস নীরব নয়, সে কথা কয়। সেই ইতিহাসের পাতা ওল্টালে দেখা যাবে, এক সময়ে দুর্গাপুজো ছিল রাজ-রাজাদেরও, জমিদারদের মধ্যে সীমাবদ্ধ। কারণ পুজোয় প্রচুর ব্যয়ের উপকরণ, নানা নিয়ম-আচার, নিষ্ঠা, লোকলস্কর, আর্থিক, একমাত্র রাজাদের মধ্যে সীমাবদ্ধ ছিল।

আরও ১৮ ও ১৯ শতকে East India Company-র সঙ্গে ব্যবসায়িক বা অন্যান্য যোগসূত্রে বণিক সম্প্রদায়ের জন্ম হয়েছিল। এই সব ধনী লোকেরা দুর্গোৎসবকে নিয়ে রাজিগত প্রতিযোগিতা শুরু করে দেন। কিন্তু তাদের আর্থিক অবস্থানের ভীত ছিল না।

এরপর পলাশ যুদ্ধের দিন।

উনিশ শতকের প্রথম ভাগে এই সব বাবুদের প্রতি East India Company-র সহযোগিতার অভাব দেখা দিল। ফলে দুর্গোৎসবে ভাঁটা পড়তে থাকে কলকাতাতেও। এর পেছনে অবশ্য নানা কারণ থাকলেও ভারতীয় লোকদের, অর্থাৎ বেশীর ভাগ লোকের মধ্যে সামাজিক মেলামেশার ব্যবধান বিলাতিয়ানে দেখা দিয়েছিল। যত সময়ের সঙ্গে মেলামেশার ব্যবধান বেড়েছে, ঔপনিবেশিকতা উটোর তত বেড়েছে।

অবশ্য আর একদিকে তখন শহরে বনেদী পরিবারগুলির বাড়িতে বিজয়ে পুজোগুলি দুর্বল হওয়ার কারণ ঘটে।

যাঁরে যাঁরে বিভিন্নপুরের ভূঁইকৈলাস রাজবাড়ির পুজো, ঠনঠনিয়ার পুজো, পটলডাঙার মল্লিক পরিবার ও জগন্নাথপ্রসাদ মুখার্জি লেনের, শঙ্খারিটোলা লেনের বাগবাজার বসুদের, কলুটোলার সুবর্ণ বণিক সমাজের পারিবারিক পুজো, বড়বাজারের মল্লিক বংশের, লাহা পরিবারের পুজো, কলুটোলার মতিলাল শীলের পুজো, উনইনে দত্তবাড়ির জাহিরানাথ মহর পুজো, (তিনি নাকানা কেন্দুলি থেকে কোম্পানির দেওয়ান হয়েছিলেন।) হোগলকুড়িয়ার মিত্র পরিবারের পুজো, মুক্তারামবাবু স্ট্রিটের অন্নপূর্ণা সোনের পুত্র ছেষ্ট সোনের পুজো, আলীবাগান শিবের পুজো, বীরমনীদের পুজো, কুমারটুলির বজ্রাকরদের সোনের পুজো, বোলপটার বসু পরিবারের পুজো, মেছুয়াবাজার রায় পরিবারের পুজো, হাটখোলায় দত্তবাড়ির দেওয়ান জগৎরাম বাবুর পুজো, পাথুরিয়াঘাটার ঘোষ বংশের পুজো প্রভৃতি একক বনেদী পরিবারের বাবু উৎসবে ধীরে ধীরে ভাঁটা পড়তে থাকে। আর ঠিক সেই মুহূর্তে তখন সর্বজনীন দুর্গোৎসবের সূচনা হয়েছিল।

অষ্টাদশ শতাব্দীর শেষ দশকে হুগলি জেলার অন্তর্গত গুপ্তিপাড়ার বারোয়ারি ইয়ার বা বন্ধু মিলে বাড়ির দুর্গা-দালানের পুজোকে বাইরে নিয়ে এসে নতুনভাবে দুর্গার আরাধনা শুরু করেন। এটা প্রথম বারোয়ারি পুজো।

১৮৪০ সালে 'ফ্রেন্ড অব ইন্ডিয়া' নামক একটি পত্রিকার মে মাসের সংখ্যায় প্রকাশিত হয় যে, 'বছর তিরিশেক আগে গুপ্তিপাড়া বারোয়ারি পুজা আরম্ভ হয়।' এই সূত্র ধরে বলা যায়, ১৭৯০ সালে বারোয়ারি পুজোর যাত্রাপথ শুরু।

এই ঘটনার প্রায় ১৫০ বছর পর কলকাতায় প্রকৃত সর্বজনীন পুজোর সূত্রপাত। এর মূল উদ্দেশ্য—জাতি, ধর্ম, বর্ণ, ধনী, নির্ধনবিশেষের সকল মানুষকে একটি মঞ্চতলে এনে সেখানকার আরাধনা করার সুযোগ।

ধীরে ধীরে কলকাতার বুকে সর্বজনীন দুর্গোৎসবের ছিত্র ফুটে উঠতে থাকে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর সর্বজনীন দুর্গাপুজোয় নতুন রূপ পেল কলকাতায়।

সেই Tradition আজও চলছে।

তবুও যেমন কলকাতা মহানগরীর লোকসংখ্যা, তেমনই কমছে পুজোর সংখ্যাও। চলতি বছরের এক সমীক্ষায় প্রকাশ, কলকাতা পুলিশ এলাকার গতবারের মতো এবারও ১১০৭টি পুজো মণ্ডপ নিয়ে তৈরি হয়েছে নজর। ফলে শান্তি-শৃঙ্খলা রক্ষার জন্য পুলিশবাহিনীকে ছিড় সামলাতে হিমশিম খেতে হয়। ফলে নানা বিধিনিষেধ জারি করা হয়েছে। তাই বলি, কলকাতা, কলকাতাতেই আছে।

শারদোৎসবের মূলসুর

পলাশ মিত্র

বাঙালী জনজীবনে আজ শারদোৎসব এক অনন্য প্রতিষ্ঠা সুপ্রতিষ্ঠিত। আঙ্গিকগত, সংগঠনিক, প্রযুক্তিগত কোন প্রকরণই তাকে এতটুকু বিচ্যুত করেনি। সুপ্রাচীন বৈদিকযুগেও শারদোৎসবের মহুল শোনা যায়। যদিও তখন বাঙালী জনজীবনের আজকের মৃত্তিকুল বিষয়টি বাস্তবায়িত হয়ে। এখনও পর্যন্ত কোন প্রাচীন মুদ্রা বা খোদ আমাদের এ ধরনের মূর্তিনির্মাণের লক্ষণ দেখা যায়নি। অথচ বৈদিক আমলে মূর্তিপূজা না থাকলেও শরৎজাগরণের এই উৎসব হয়তো প্রচলিত ছিল। বৈদিকযুগে আশ্বিন ও কার্তিক মাসকে বলা হত 'ইষ' এবং 'উর্জ'। বাজসেনীয় সংহিতায় এর উল্লেখ রয়েছে। জ্যোতিভূষণ চাকী একটি প্রবন্ধে বলেছেন যে শরৎোৎসবের অঙ্গে যেহেতু সম্পর্কিত ছিলেন, পাকস্থলী বাসেই তার পরিচয়। তিনি আরও বলেছেন যে কল্পীত্রাণী অন্নপূর্ণা বা নবপত্রিকা এই শস্য পূজারই প্রতীক। প্রবীণ অন্নপূর্ণা মানের এই ইঙ্গিত।

অবশ্য শুধু আমাদের দেশেই নয়। সুপ্রাচীন সভ্যতার অন্যান্য দেশেও শস্য পূজার বিষয়টি যেন গুরুত্বই পেয়েছে। যেমন প্রাচীন মিশরে ওসিরিস বা প্রাচীন গ্রীক দেবতা ডায়নিসাসের বিষয়টি। পরবর্তীকালে খ্রিস্টিয় অনুসঙ্গে 'পুনরুজ্জীবন' সম্পর্কিত বিশ্বাসটিও এইদিকেই দৃষ্টি আকর্ষণ করে। পাশ্চাত্য জগতের সাধারণত এই শস্য উৎসব হয় নভম্বর মাসে। আমন ধান সহ অন্যান্য দীর্ঘস্থায়ী শীতের পর মাঠে-প্রান্তরে সবুজের ইঙ্গিত দেখা দিলেই অধিবাসীদের মনে উৎসবের হিল্লোল বয়ে যেত। অনেকের এখনও ধারণা পূজা প্রথমে প্রচলিত হলেও হয়তো অন্যান্যের দেশে শীত তত প্রবল ঋতু নয় বলেই বর্ষার শেষটার শরৎকালেই শ্যামলিমার উদ্ভাসিত শরৎ-প্রকৃতিতেই উৎসবের আয়োজন। ধর্ম অনুভূতি এল বাদুবের মানসিক বিষয়। কিন্তু উৎসব ? তা হল—নতুন প্রাণের খেলা, পুরাতনকে বর্জন করে নতুনকে আহ্বান করার ঋতুসম্পূর্ততা। তাই প্রাচীন গ্রীসের নাট্যোৎসবের মতই বাঙালীর কাছে শারদোৎসবেরও তাৎপর্যই এক অন্য মানের।

কবি ঈশ্বরচন্দ্র গুপ্ত তাই বাঙালী মনোজগতকে চিত্রিত করেছেন এই বলে যে

...শরতের আগমনে, আনন্দ আমার।
শরতেলী শারদীয়া, প্রতিমা প্রকাশ।।

উৎসবের সৃষ্টিতত্ত্বটিতেও কিন্তু তিনি পূজার নামে এই শারদ শিল্পটিকে অবহেলা করতেও ছাড়েন নি। আমার সর্বস্বতা এবং পূজারীদের লোলুপতাকে স্বরণ করেছেন।

...নিষ্ঠা নাই, জ্ঞান নাই, শ্রদ্ধা নাই কিছু।
পাত্রীর নাম নাই, বাস নাই কিছু।।

সর্বশেষে আবার মাতৃমূর্তির কাছেই তাঁর আকুলতা।

এপ্রদিন মুখে বটে, হাসিবারে তারা।
এ বছর যেন বেশি, বিশ্বরীর ধারা ?

সেকালের ধর্ম সর্বস্বতাকে যেমন সৃজনশীল লোকেরা খুব বেশি আমল দেননি, ঠিক তেমনই আবার তাঁরাই উপলব্ধি করেছেন এর সামাজিক গুরুত্বপূর্ণতাকেও। কালীপ্রসন্ন সিংহের "হুতোমপ্যাঁচার নক্সা" থেকে উদ্ধৃতি দিলে বোঝা যাবে যে সেকালেও বারোয়ারি পূজার উদ্যোগ আয়োজন কতরকম কারণ নেওয়া হত।

"...আর একখানা একদল বারোইয়ারির পুজোয় অধ্যক্ষ শহরের সিদি বাবুদের বাড়ি গিয়ে উপস্থিত, সিদি বাবু সে সময়ে আফিসে যেরুচ্ছিলেন, অধ্যক্ষরা চক-পাঁচ জনে উপরুপরি গিয়ে বলে 'ধর্মেছি', 'ধর্মেছি' বলে চেঁচাতে লাগলেন। বাবুর লোক ঘরে গ্যালো—সিদি বাবু অবাক—ব্যাপারখানা কি ? তখন একজন অধ্যক্ষ বল্লেন, মহাশয় ! আমাদের অমুক জায়গায় বারোইয়ারি পুজোয় মা ভগবতী সিদির উপর চড়ে কৈলাশ থেকে আসছিলেন, পাছে সিদির পা ভেঙ্গে যায়ে, সুতরাং তিনি আর আসতে পাচ্চেন না, সেইখানেই রয়েছেন, আমাদের স্বপ্ন দিয়েছেন, যে যদি আর কেন সিদির যোগাড় করতে পার, তা হলেই আমি যেতে পারি। কিন্তু মহাশয় ! আমরা আজ এক মাস নানা স্থানে ঘুরে বেড়াচ্চি, কোথাও আর সিদির দেখা পেলাম না। আজ ভাগ্যক্রমে আপনার দেখা পেয়েচি, কোন মতে ছেড়ে দোবো না—চলুন। কাজে কাজ হয়। তাই চলবির কলাবেন।' সিদিবাবু অধ্যক্ষদের কথা শুনে সন্তুষ্ট হয়ে বারোইয়ারি চিরস্থায়ী কিছু টাকা সাহায্য অনুমোদন।..."

সে এক অন্য সময়, অন্য আনন্দ, অন্য উপাসনা। আজও তাই আগমনেই এসবও পূজামণ্ডপে হয়। প্রভুর ভিড় করে, তার জেরে লোকজন সেলফ দেখতেও যেতে। শহরের বড় বড় বাবুরা গাড়ি চড়ে সঙ্গ দেখতে আসতেন। আমাদের প্রত্নতাত্ত্বিক রিপোর্টপত্রেরও কোন আভাস ছিল না।

ঠিক আজকের যুগে হয়তো এই স্থান পূরণ করছে পূজোয় ডিসকো থেকে বা বিভিন্ন বার-রেস্তোরাঁয় উপচানো ভিড়। বলাবাহুল্য হয়তো—যে এখন তো আজ বেরল, পিয়ারলেস পূজায় বিচিত্র রঙ্গমঞ্চের ডিল-এর আয়োজন করে। কিন্তু সেখানে প্রবেশ নিয়ন্ত্রিত হয়ে আজ পাসের মূল্যের সঙ্গে অনুপাতিক হয়ে।

তা, সেকালেও ধূলাবালি ওড়ার থেকে বাঁচতে দূরে এবং আমোদ-আহ্লাদে তো সাধারণের প্রবেশ নিষিদ্ধই ছিল। তাদের কাজ ছিল মূলতঃ সেলাম দিয়ে বাজারে নিত্য নতুন গল্প উজাড় করা। কিন্তু বিশ্বযুদ্ধে আজকে যে ভূখণ্ডটির ঠেট উঠেছে, তার আওতা থেকে আমাদের এই পাড়াগেঁয়েরও রেহাই পড়েনি। নিত্যি টি ভি চ্যানেলগুলি তা সে সরকারি হোক বা বেসরকারিই হোক, পাড়া দিয়ে পুজো পরিক্রমা হাজির করছে আমাদেরই বাড়ির বৈঠকখানায়। মণ্ডপে, মণ্ডপে যোরার কষ্টকর নেই, হাজা জাগার ক্লান্তি নেই এমনকি নেই ভিড়ে হারিয়ে যাওয়ারও কোন বিপদের সুযোগ। এর ওপর আবার ওলালাম, এবারের এই সরকারের প্রথম পুজোতে তো একটা ওয়েবসাইট খুলেছে, সেখানে কোথায় টিপে অঞ্জলি অবধি দিয়ে দেওয়ার ব্যবস্থা হয়েছে। ভাবুন দেখি, অঞ্জলিটা দশভে আমরা কোথা থেকে কোথায় চলে এলাম। তবে হ্যাঁ, বাস্তবের প্রতিমাতে আর হয়তো দেখা যাবে না। পরিবর্তে ডিজিটাল স্ক্রীনে আঙুলের টুসকি মেরে আপনাকে আগামী গানের সুর দেখতে হচ্ছে। এটাই আধুনিকীকরণ।

মানতেই হবে, যে আজকের পুজোয় বৈচিত্র্য বাড়ছে। বিজ্ঞান, প্রযুক্তি বিনোদনকে পৌঁছে দিচ্ছে অনায়াসেই। সেকালের পুজোয় বিশেষত পাড়ার পাড়ায় বারোয়ারিতে যাত্রাগান ইত্যাদিতে অনেক সময়েই অশ্লীলতারও ঝলকানি অভিনেত্রী, অভিনেত্রীদের পাশাপাশি অবতীর্ণ হতেন। আজ বারোয়ারির জায়গা নিচ্ছে ফ্ল্যাট বাড়ি কালচার। সবই হচ্ছে তবে একটু নির্দিষ্ট দূরত্বে আর মেকী প্রতিযোগিতামূলক মানসিকতায়, বলা বাহুল্য যে একে পুষ্ট করতে নেমে পড়েছে বিভিন্ন স্পনসরার। সংবেদশূন্য থেকে মনের প্রস্তুতকারক কেউই আজ পিছিয়ে নেই এই সুযোগে বাজারে নিজের প্রচারের ঢাক পিটিয়ে নিতে।

অথচ কলকাতার বারোয়ারি পুজোর রমরমা কিন্তু খুব বেশি দিনের নয়, দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর থেকেই বেশির ভাগ পুজো শুরু হয়েছে। যেমন ধরুন কলেজ স্কোয়ার এবার ৫৩ বছরে পড়ল ; সন্তোষ মিত্র স্কোয়ার ৬৫ বছরে। আমার উত্তরের পুজোগুলো একটু বেশি পুরনো। সেখানে বাগবাজার সর্বজনীনের এবার ৮২ বছর বয়স হল, সেখানে দক্ষিণে একডালিয়া এভারগ্রীন মাত্র ৫৮ বছরের প্রৌঢ়।

আবার শহর যেমন পাড়া নিয়ে বেড়েছে তি পাই বি রোড বরাবর, কিংবা ই এম বাইপাসের কানাচে-কানাচে, তেমনই পুজোর উদ্যমনাও এখন লেকটাউন শ্রীভূমি থেকে দমদম পার্ক হয়ে উত্তরে এগোচ্ছে। পুজোমণ্ডপের আঙ্গিকেও লেগেছে নানান আধুনিকতার পরশ। অবশ্যই মাটির কলাকৌশলেরই আধিপত্য বেশি। তিন্তা ভাবনায় এখনও সেই সনাতনী ভাব অবনতির আধিক্যই প্রবল। কোথাও প্রবেশ ও আলোক সজ্জায় দেখান হচ্ছে 'ভবতু আবার জগৎ সভার শ্রেষ্ঠ আসন লভে'। কোথাও

'পথের পাঁচালির' কিছু দৃশ্য ক্যামেরা বন্দি করিয়ে নিচ্ছে পথচারীদের।

নিউ আলিপুরের মণ্ডপে প্রায়-বালোর এক শাল লাশের জলক যেমন লাগতে পারে, তেমনি চুরিতকী বাগানে গেলে হয়তো মনে হতে পারে কোন তিব্বতী গুম্ফায় ঢুকে পড়লাম।

তবে পুজো মানেই যেমন শুধু প্রতিমা, মণ্ডপ, ঢাকের আওয়াজ নয়। এর শুধু আচার, প্রথা মেনে চলার নিষ্ঠতা এর সঙ্গে প্রবল ভাবে মিশে রয়েছে উৎসবের মেজাজ। উৎসবে তাই মহালিসনের কাপটাই চড়া মেজাজে ভুলিয়ে জাতি-ধর্ম বা বর্ণ পরিচয়। এক অনাবিল আনন্দ স্রোতে আমরা মিশে যাই। তাই চলে আসা পুজা বার্ষিকীগুলোর পাশাপাশি এবার বেশি রঙ্গব্যঙ্গের এক মজাদার পত্রিকা সম্পাদনা করে ফেলেন শেখর আমেদ, কিংবা জয়। কুনীলের পাশাপাশি পুজো উদ্যোক্তাদের আর্থিক নিয়ে নিত্তর মাথা ঘামান জাদুল বাগচী। জাপেট কোম্পানির পুজা রিলিজে নূতন-নচিকেতার নতুন বাংলা গানের উদ্ভাবনের সাথে ঠোট মিলে যায় আজী কালের নচিকেতার।

আসলে এই হল আমাদের উৎসব। ধর্ম তার মতই পাশটাক অন্তরে সে এক অমলিন প্রাণশক্তি বয়ে নিয়ে চলেছে অনাদি সম্ভাবনার দিকে। এর কোন শুরু নেই কারণ উৎসব অমর।

দেশপ্রাণ বীরেন্দ্রনাথ শাসমল

কেওড়াতলা মহাশ্মশানে ৪৪ বছর বয়সে বীরেন্দ্রনাথ শাসমলের দেহকৃত্য সম্পন্ন হয়েছিল অত্যন্ত অসুবিধাজনক ভাবে। তাঁকে একটি চেয়ারে বসিয়ে সাত করা হয়। আসন শিব উঁচুতে রেখেই মৃত্যুকে আলিঙ্গন করতে চেয়েছিলেন তিনি। এই অভিনব বিষয়টি থেকেই দেশপ্রাণের চরিত্রবৈশিষ্ট্য বুঝে নেওয়া যায়।

১৮৮১ সালের ২৬ অক্টোবর মেদিনীপুরের চকীতোটা গ্রামে তিনি জন্মগ্রহণ করেন। তাঁর পিতা বিশ্বেশ্বর ও মাতা অন্নপূর্ণা। গ্রামের পাঠশালা থেকে কাঁথি হাই স্কুল ও সুরেন্দ্রনাথ কলেজ হয়ে বিলেতে ব্যারিস্টারি পড়তে যাওয়া অবধি বিস্তৃত তাঁর উজ্জ্বল ছাত্রজীবন। ১৯০৪ সালে বিলেত থেকে ফিরে হাইকোর্টে আইন ব্যবসা শুরু।

১৯০৫ সালে বঙ্গভঙ্গ আন্দোলনে যুবক শাসমল সুরেন্দ্রনাথ ব্যানার্জির সংস্পর্শে রাজনৈতিক জীবনের সূচনা হয়। অল্পদিনের মধ্যেই দেশবন্ধু চিত্তরঞ্জন, দেশপ্রিয় যতীন্দ্রমোহন ও নেতাজি সুভাষচন্দ্রের মতো দেশবরেণ্য নেতাদের পাশাপাশি আপন বৈশিষ্ট্যে রাজ্যের রাজনৈতিক মানচিত্রে তিনি অবিস্মরণীয় ভূমিকায় অবতীর্ণ হন।

১৯১৩, ১৯২০ সালের প্রবল বন্যায় তাঁর ভূমিকা স্মরণীয়। ১৯৩৩ সালের ভয়াবহ বন্যায় তিনি ত্রাণ সমিতির সম্পাদক হিসেবে আর্তের প্রত্যুষ্ঠায় যার প্রমুখ মনীষীদের সঙ্গে তাঁর ভূমিকা অনস্বীকার্য। অথচ ১৯২০ সালেই তিনি মাসিক ১০/১৫ হাজার টাকা রোজগার করতেন আইন সূত্রে।

১৯২৩ সালে তিনি মেদিনীপুর জেলা বোর্ডের এক অনেচ্ছীয় চেয়ারম্যান হন। ১৯২৫ সালে কৃষ্ণনগর কংগ্রেস সম্মেলনের সভাপতি হন। ১৯৩০ সালে চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠন আন্দোলনে নিয়ে পরিপ্রেক্ষিতে হয় আসের ক্লান্তিহীন প্রচেষ্টায় লেজনাথ বসু, অনন্ত সিংহ প্রমুখের ত্রাণকর্ম অনুষ্ঠান করান। একই বছর আইন অমান্য আন্দোলন চলাকালীন জেলা ম্যাজিস্ট্রেট শঙ্কিত হয়ে তাঁর ওপর ১৪৪ ধারা জারি করে মু মাস জেলায় প্রবেশ নিষিদ্ধ করে দেন।

১৯৩২ সালে মেদিনীপুরে ম্যাজিস্ট্রেট মিঃ ডগলাস হত্যা মামলায় আসামী পঙ্কজকে সমর্থন করে প্রেপ্তার হন। ১৯৩৩ সালে তিনি কলিকাতা পৌরসংস্থার মেয়র ও সিলেকশন কমিটির সভাপতি হিসেবে দুর্গত নীতিজ্ঞান ও কর্তব্যনিষ্ঠার পরিচয় দেন।

দেশপ্রাণ বীরেন্দ্রনাথ শাসমলের জন্মদিনে তাঁর মর্মর মূর্তিতে মাল্যদান করছেন মেয়রপরিষদ সদস্যা মৃণালিনী মুখার্জি

তিনি ছিলেন প্রকৃত অসাম্প্রদায়িক নেতা। বস্তুত তাঁরই উদ্যোগে ও দেশবন্ধু চিত্তরঞ্জনের হিন্দু-মুসলমান চুক্তির বলে কলিকাতা পৌরসংস্থায় ১৯৩৩ সালে, সর্বপ্রথম একজন মুসলিম মেয়র নির্বাচিত হন। একই সালে ইংলন্ডের প্রধানমন্ত্রী র‍্যামসে ম্যাকডোনাল্ডের "সাম্প্রদায়িক ভাগ বাঁটোয়ারার" বিরুদ্ধাচরণ করে বর্ধমান বিভাগের শতকরা ৯৫ ভাগ ভোট পেয়ে বিপুলভাবে জয়ী হন।

আজকের ভারতবর্ষেও তাই তাঁর রাজনৈতিক দূরদৃষ্টি একেবারেই অপ্রাসঙ্গিক হয়ে পড়েনি।

পৌরসংস্থায় গুরুত্বপূর্ণ নথিপত্র সংরক্ষণে আধুনিক ব্যবস্থা এখনই চাই

শ্রীনাসেবী পুরোহিত

উপশহরনাগরিক হিসেবে কাজের ভার পেয়ে প্রথমে আমার মনে হয়েছে একটি প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ নথিপত্র সংরক্ষণের কাজ কেমনভাবে করা প্রয়োজন, তা এতদিন হয়নি। প্রতিষ্ঠানে প্রশিক্ষণ কেন্দ্রের প্রশাসনিক এবং শিক্ষণ পদ্ধতির কিছু রদবদল দরকার। এর জন্য পর্যায়ক্রমে আমরা নানান ব্যবস্থা নেওয়ার কথা ভাবছি। রেকর্ডস বিভাগের সমস্ত কাজকর্ম তিনটি জায়গা থেকে পরিচালনা করা হয়ে থাকে। একটি ভোরাপাড় বিভাগের পাশে, অপরটি রিক্রিয়েশন বিল্ডিংয়ের একতলায়। আরেকটি চার তলার প্রতিযোগী কমপ্লেক্সের পাশে যেখানে পি এন্ড সেন্সর থাকে। শেষটি লিটন্যাকেট অফিসের তৃতীয় তলায়। রেকর্ডস বিভাগের বিভাগীয় কাজের মধ্যে নাগরিকদের জন্ম, মৃত্যুর নথি, জন্ম নিবন্ধীকরণের তথ্য, লাইসেন্স বই, বাড়িঘরের নকশা ইত্যাদি সংরক্ষণ করা হয়ে থাকে। তবে বলা বাহুল্য, এই সমস্ত কাজের জন্য পরিষ্কার-পরিচ্ছন্নতা ও বিভাগীয় শৃঙ্খলা বজায় রাখা একান্তই প্রয়োজন। কিন্তু যে পরিস্থিতিতে এ কাজ হয়ে আসছে তাতে কারুরই মনোযোগ না দিলে ভবিষ্যতের পক্ষে কাজ করা মুশকিল হয়ে দাঁড়াবে। এত ঘুপচিযুক্ত রেকর্ডসের ভিড়ে যে কোনোরকম অগ্নিকাণ্ডই গোটা ব্যবস্থাকে বানচাল করে দিতে পারে।

তাই সব কিছু পরিষ্কার করে গুছিয়ে রাখার ব্যবস্থা নেওয়া যেতে পারে দপ্তরের কাজকে মসৃণতর করার জন্য। একটি ধ্বংসপ্রাপ্তি প্রক্রিয়া, অপরটি সংরক্ষণপ্রাপ্তি।

ধ্বংসপ্রাপ্তি প্রক্রিয়ায় আমার বেশ কয়েকটি পদক্ষেপ আছে। যেমন বিভাগের অধীনে যে মোট পাঁচটি ঘর রয়েছে সেগুলি আলোক-প্রদীপ্ত এবং স্বাস্থ্যকর। এর ফলে যেমন বিভাগীয় কাজকর্মের গতি হবে, তেমনই পরিষ্কারের কর্মীদেরও মানসিক ও শারীরিক স্বাস্থ্যের প্রসন্নতি ঘটবে। ফলে প্রকারান্তরে তাঁদের বিভাগের কাজকর্মেরই অভিসারিত হবে। তাই নথিপত্র সংরক্ষণ, অযথাগুলির সংস্কারের দিকটায় নজর দিতে হবে।

নাগরিকদের জন্ম থেকে মৃত্যু,

> স্তূপীকৃত রেকর্ডের ভিড়ে যে কোনোরকম অগ্নিকাণ্ডই গোটা ব্যবস্থাকে বানচাল করে দিতে পারে

পৌরসংস্থার এই মূল্যবান নজিরগুলির মধ্যে রেকর্ডস বিভাগের গুরুত্ব অপরিসীম। জন্ম ও মৃত্যু এই দুটি গুরুত্বপূর্ণ বিষয়ের সমস্ত নথি এখানে সংরক্ষিত করা হয়। দীর্ঘদিন ধরে ব্যবহারের ফলে খাতার বেশিরভাগটাই জীর্ণ হয়ে আসছে। এগুলির অপিলকে বাঁধাই ও সংরক্ষণ প্রয়োজন। প্রায় ২০০০ বেজিস্টার বাঁধাইয়ের জন্য অন্তত দু বছর সময় প্রয়োজন। সময়টাই এ মুহূর্তে সঙ্কট না হলেও, প্রয়োজন ও গুরুত্ব অনুসারে এই কাজটিকে এড়িয়ে যাওয়া অনুচিত হবে।

দীর্ঘমেয়াদি প্রকল্পগুলির মধ্যে প্রথমেই নজর দেওয়া উচিত বিভাগের আধুনিকীকরণের দিকে। একদিকে নাগরিকদের প্রত্যেক ব্যবহারে, ফলে বিভাগের অন্যান্য উন্নয়ন অপেক্ষা মূল আমাদের নাগরিক পরিষেবার উন্নতিকল্পে কাজ করার স্বার্থে আধুনিকতম উপায়ে আমাদের কাজ করা প্রয়োজন। এ কারণে, রেকর্ডস বিভাগকে পুরোপুরি কম্পিউটারাইজড করার দিকে আমাদের এগোতেই হবে। কম্পিউটার আমাদের তা যেমন বিভিন্ন রেকর্ড সংরক্ষণের কাজকে বিজ্ঞানভিত্তিক করে তুলবে, তেমনই প্রয়োজনভিত্তিক আমাদের ক্ষিপ্রতার এগিয়ে আমাদের পক্ষে সম্ভব হবে এক ক্লিকমাত্র সন্ধানের পরিবেশ বজায় রাখা। অতীত এ কাজে, আমাদের বিপুল হাতের সাহায্য করেছে—তবুও আধুনিকীকরণের এই প্রকল্পগুলিকে অগ্রাধিকার দেওয়া মোটেও উচিত হবে না।

এক্ষেত্রে আরও বলা দরকার যে বর্তমানে অনেক ক্ষেত্রেই একসঙ্গে জন্ম-মৃত্যুর সার্টিফিকেট নেওয়ার সময়ে প্রথমে রেকর্ডস বিভাগে এসে নথি মিলিয়ে তারপর দ্বিতলে স্বাস্থ্য বিভাগ থেকে সার্টিফিকেট সংগ্রহ করতে হয়। ফলে বিষয়টি অনেক সময়েই জটিল এবং সময়সাপেক্ষ হয়ে ওঠে। যদি এক্ষেত্রে একজানলা পদ্ধতি (one window system) ব্যবহার করা যায় তাহলে সার্টিফিকেট গ্রহীতার এবং পৌরসংস্থা উভয়ের কাজেই সুবিধা হবে। ইনস্টিটিউট অব আরবান ম্যানেজমেন্ট প্রতিশ্রুতি দিয়েছে যে, ৩৯টি বার্থিপত্র সার্টুলিয়ার মেয়াদে অবস্থিতে। এর ফলে ১৮,৫০০ কর্মস্থটি এলাকার সংস্থার কাজে ব্যবহার করা যেতে পারে। ১৯৯৯ সালের ২৪ সেপ্টেম্বর প্রদত্ত বর্ষণে এখানে স্থির কম্পিউটার শিক্ষা কেন্দ্রটির প্রারম্ভের ঘটি হয়। বর্তমানে শিক্ষাকেন্দ্রটি উপরতলে স্থানান্তরিত হলেও নীচের আংশটিকে পুনর্নির্মাণ করে সমস্যার সরকারি দপ্তর ও সংস্থাকে আরও বিস্তৃত দেওয়া যেতে পারে। অবস্থানগত কারণে এর চাহিদা প্রবল হবে বলে আশা করা যায়। নীচের অন্যান্য অংশের গ্যারাজ ইত্যাদি হিসেবে ব্যবহার করা যেতে পারে।

ইনস্টিটিউটের মূলত বিভিন্ন ধরনের শিক্ষাদানে যুক্ত। এইসব কার্যাদি পরিচালনার জন্য পৌরসংস্থার বিভিন্ন আধিকারিক, কর্মচারী বিভাগ পরিশ্রম করে চলেছেন।

যেমন কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রে শিক্ষা লাভ করে বহু সংখ্যক কর্মচারী পৌরসংস্থার বিভিন্ন গুরুত্বপূর্ণ বিভাগে নাগরিক পরিষেবায় নেই জানবার অভিজ্ঞতা মুহূর্তকালনে দৈনিক প্রয়োগ করে থাকেন। এখন এই কম্পিউটার কেন্দ্রটি থেকে পরীক্ষাগুলো অনুসারে পশ্চিমবঙ্গের জন্যান্য আরও পৌরসংস্থাগুলিকেও ব্যবহার করার সুযোগ দেওয়া যেতে পারে। আর একটি গুরুত্বপূর্ণ প্রস্তাব হল প্রশিক্ষণ কেন্দ্রটির জন্য ওয়েবসাইট প্রভৃতি ফাইলিংয়ের স্বীকৃতি লাভ। তাহলে কম্পিউটারের বিভিন্ন লেভেলের পরীক্ষায় এখন থেকে পরীক্ষার্থীরা নিজের সুযোগ পাবেন।

> *গুরুত্বপূর্ণ নথি সংরক্ষণে আধুনিক প্রযুক্তির প্রয়োগ চালু করা ছাড়া বিকল্প কোনও পথ নেই*

কলিকাতা পৌরসংস্থায় অতীত ঐতিহ্যমণ্ডিত কথা ভাবার থেকে আমাদের এই প্রতিষ্ঠান ভবিষ্যতে বিভিন্ন বইয়ের সংস্থাগুলোর সামনে খুলে দেওয়া যেতে পারে। সামান্যতম উদ্যোগ না থেকেও প্রাতিষ্ঠানিক ব্যবস্থাটুকু আনা গেলেও এ কাজটা পৌরসংস্থার আয়ত্তাধীনে করবে।

'ভারিশ এ মুখোপাধ্যায়' যে শিক্ষাক্রমটি পুর্বে চালু ছিল তা কিছুকাল পূর্বে বন্ধ করা হয়েছে। এটি পুনরায় চালু করা গেলে একটিমাত্রায় পৌরসংস্থা লাভবান হতে পারে।

মোট কথা কলকাতা পৌরসংস্থার গুরুত্বপূর্ণ নথি সংরক্ষণে আধুনিক প্রযুক্তির প্রয়োগ চালু করা ছাড়া বিকল্প কোনও পথ নেই। পুরকর্মী ও অফিসারদের প্রশিক্ষণের ক্ষেত্রেও কম্পিউটার প্রশিক্ষণকে টেনে আনতে হবে। সীমিত আর্থিক ক্ষমতায় এর কতটা কতদিনে বাস্তবায়িত হবে এই মুহূর্তে সঠিকভাবে তা বলা না গেলেও এটি বলার পরিষ্কার এই দুটি বিষয়ের ওপর আমি সর্বাধিক গুরুত্ব দিচ্ছি।

> *কম্পিউটার আনলে তা বিভিন্ন রেকর্ড সংরক্ষণের কাজকে বিজ্ঞানভিত্তিক করে তুলবে*

কোটি কোটি টাকা ব্যয়ে তৈরি জলপ্রকল্পের উদ্দেশ্য সার্থক করে তুলতে চাই সাধারণ নাগরিকবৃন্দের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ

শোভন চট্টোপাধ্যায়

মেয়র পরিষদ সদস্য হওয়ার আগে ছিলাম কাউন্সিলার। পরে বোরো কমিটির চেয়ারম্যান। চেয়ারম্যান ও পৌরপিতা হিসাবে কাজ করার সময় বিশেষভাবে লক্ষ করেছি, জলের সঙ্গে সাধারণ মানুষের যোগসূত্র প্রতিটি দিনের। প্রতিটি ঘণ্টার। প্রতিটি সেকেন্ডে—প্রতিটি মুহূর্তের। এই বিশেষ দিকটা আমাকে বিশেষ নাড়া দিয়েছে বর্তমান পুরবোর্ডে জল সরবরাহ কমিটির পাওয়ার পরে।

আমার মনে হয়েছে পরিকল্পনার ক্ষেত্রে—চাহিদা ও উৎপাদনের সম্পর্ক কোনমতেই এড়িয়ে যাওয়া উচিত নয়। দেখলাম দুটিই পরস্পরের পরিপূরক। কিন্তু দুঃখের ঘটনা হল, উৎপাদনের বিষয়টি মাথায় রেখে তেতাল্লিশ পরিকল্পনা গ্রহণ করা উচিত ছিল তা হয়নি। আবার যেটুকু উৎপাদিত জল তা সরবরাহ করার জন্য যত বুস্টিং স্টেশন থাকা দরকার তা নেই। ফলে সুষ্ঠুভাবে জল সরবরাহই করা যাচ্ছিল না।

নতুন বোর্ড গঠন হওয়ার পর ঠিক হয়েছে, পলতা-গার্ডেনরীচ থেকে মোটামুটি ১৩ কোটি গ্যালন জল কলকাতার মানুষের জন্য দৈনন্দিন সরবরাহ করার চেষ্টা হবে। এর মধ্যে ৪ কোটি গ্যালন জল সরবরাহের জন্য পলতাতে নতুন প্রকল্পের কাজকর্ম চলছে।

উচ্চ চাপে জল সরবরাহ অব্যাহত রাখার জন্য কালিঘাট বুস্টিং স্টেশন-এ নতুন প্রজেক্ট-এর কাজও চলছে। পার্ক স্ট্রীটের, রহমান আলি পার্ক থেকেও উচ্চচাপে জল সরবরাহ যাতে বিঘ্নিত না হয় সেদিকে সতর্ক নজর রাখা হয়েছে। বর্তমানে মহানগরের অধিকাংশ বাসস্থানী, ব্যবসাকেন্দ্র, শিল্পাঞ্চল, বাজার, বিনোদনকেন্দ্র বুস্টিং স্টেশনগুলির কাজ ব্যবস্থিত অঞ্চলে জল ক্লোরিনযুক্ত ভাবে কাজ করে যাচ্ছেন।

> *উচ্চচাপে জল সরবরাহ অব্যাহত রাখার জন্য কালিঘাট বুস্টিং স্টেশনে নতুন প্রজেক্টের কাজ চলছে*

বলতে দ্বিধা নেই, অনাগত নাগরিকদের পানীয় জলের সমস্যা মেটানোর বৃহৎ পরিকল্পনাগুলি ১৯৯৭-৯৯ সালেই শেষ হয়ে যাওয়া উচিত ছিল কিন্তু তা হয়নি। ফলে সমস্যা বেড়েছে। পরিকল্পনা খাতে খরচেই পরিমাণ বেড়ে গেছে। তবে হাজার পরিবর্তন হলেও রাজস্বের পরিবর্তন তো হয় না।

নাগরিকদের স্বার্থও উপেক্ষা করার সম্ভাবনা রয়। তাই আগে দুটি পরিকল্পনাকে চূড়ান্তভাবে এক্সিকিউট করার জন্য নতুন বোর্ড গঠনপ্রক্রিয়া শুরু করেছে।

বন্ধুরা জানে আমি দেওয়ালে মাথা কুটছি, কোটি কোটি টাকা ব্যয়ে উৎপাদিত শতভাগ জল সম্পর্কে পানি সরবরাহকে বৃদ্ধি করতে কিংবা মোট ইতিহাসে ব্যর্থ। মূল ব্যাপারে, জলের মতো গুরুত্বপূর্ণ জিনিস নিয়ে অযোগ্যদের চালানো কোন মতেই উচিত নয়। এই জন্য আমরা বেআইনীভাবে নেওয়া প্রতিটি জলের কানেকশন কেটে দেবার ব্যবস্থা নিয়েছি। যার ফলে সরকারি

> আমরা বেআইনীভাবে নেওয়া প্রতিটি জলের কানেকশন কেটে দেবার ব্যবস্থা নিয়েছি

প্রতিষ্ঠান প্রকৃতি ক্ষেত্রে পৌরসভার নলীয় জলসরবরাহ নিয়োগ অনুযায়ী যে জলের ক্ষেত্রে মেজারিং ডিভাইস লাগিয়ে পৌরসভা এখন থেকে কেটে দিতে বদ্ধপরিকর। কিন্তু ক্ষেত্রে দেখা যাচ্ছে, ডোমেস্টিক পারপাসে নেওয়া জলের কানেকশন থেকে কমার্শিয়াল কানেকশনের কাজ হচ্ছে—এমন ক্ষেত্রে কন্ট্রাক্টরকে নির্দেশ দেওয়া হয়েছে, জলের লাইন নির্বিচারে কেটে দিতে।

> বিনা পয়সায় জল পাওয়ার প্রবণতা থেকে জলের অপচয় করার যৌক্তিকও আমার দৃষ্টি এড়ায়নি

বিনা পয়সায় জল পাওয়ার প্রবণতা থেকে জলের অপচয় করার যৌক্তিকও আমার দৃষ্টি এড়ায়নি। এ ব্যাপারে আমি চাই, প্রতিটি নাগরিকের ইনভলভমেন্ট। এটা বুঝুক, জল ফ্রিপতা করার নয়। একে যত্ন করে, রক্ষা করে ব্যবহারের দায়িত্ব জোরদার করাই মূল কাজ। পানির জল পরিশোধন করার সঙ্গে কোটি কোটি টাকা খরচের ব্যাপারটি যে জড়িত সাধারণ মানুষকে আমরা সর্বত্র তা জানাতে চাই। সাধারণ নাগরিকদের এ ব্যাপারে সচেতনতার আওতায় এনে তাদের প্রয়োজনে প্রতিটি কল কানেকশন নিশ্চিন্ত করা হবে না। তা যে টাকা/পাঁচ টাকা/কম টাকা যাই হোক না কেন এই প্রিভেনশন চার্জ করলে ফলে জল সম্পর্কিত ব্যাপারে সচেতনতা বাড়বে বই কমবে না। আমি চাই পানীয় জল সরবরাহ নিয়ে জনমতের অংশগ্রহণ।

এ ব্যাপারে ঠিক করেছি, কলকাতার প্রথম টিলি বাড়ি—অথচ 'অকুপেশন সার্টিফিকেট' পায়নি—এমন বাড়িতে জল বন্ধিলা করে করেন। এরপর যদি আরেকজন করেন জলের মিটার বসিয়ে এদের পানীয় জল সরবরাহ করবো।

পরিকল্পনায় রয়েছে, রাস্তার সিটির গুরুত্বপূর্ণ মোড়ে, জনবহুল স্থানে এম টি ডি বুথের মত পুরনস্থার পানীয় জলের 'ড্রিঙ্কিং কর্নার' বসিয়ে নাগরিকদের সামান্য পয়সার বিনিময়ে জল সরবরাহ করবো। এই সব বুথে জনিযুক্তি প্রকল্পে কিছু বেকার যুবকের জন্যের করছেন

> জনবহুল স্থানে এম টি ডি বুথের মত পৌরসভার পানীয় জলের 'ড্রিঙ্কিং কর্নার' বসিয়ে নাগরিকদের সামান্য পয়সার বিনিময়ে জল সরবরাহ করবো

হবে। পৌরসংস্থারও আয় বাড়বে। প্রয়োজনে ব্যাঙ্ক কর্তৃপক্ষের সঙ্গে কথাবার্তা বলে জনিযুক্তি প্রকল্পে এগিয়ে আসা বেকারদের ব্যবসায়ে আর্থিক সাহায্যও করা হবে।

সিটির এলাকার 'স্ট্রীট ট্যাপ' গুলির মুখ যাতে চুরি না যায়, কেউ ভেঙে না ফেলে তার জন্য স্থানীয় ক্লাব সংগঠন/প্রতিষ্ঠানগুলিরও সহায়তা নেওয়া হবে। এ ব্যাপারে সমস্ত দলের কর্মীদের নিয়ে আজকালের মধ্যে খুব শীঘ্রই আলোচনা অনুষ্ঠানের শুরু করতে চাই।

আমি মনে করি, জল সরবরাহ প্রকল্প সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য কমিটিগুলি বিশেষজ্ঞের ওপর নির্ভরতাই যথেষ্ট নয়, এই সঙ্গে গ্রাহক সচেতনতার বাস্তব বোধের পরিচয়ও। এর অভাব ঘটার জন্য দেশ দেখে মানুষের বার বেরিয়ে আসার সময় এসেই রাজনৈতিক বিতর্কের কেন্দ্রবিন্দু হয়ে উঠেছে পৌরসংস্থার জল সরবরাহ বিভাগটি। এই বস্তুগত দিকেই আমাদের বামপন্থী সবাই তুলে ধরেছেন।

কিন্তু আমি চাই বিতর্ক হোক, কিন্তু তা জল সরবরাহ প্রকল্পের ব্যর্থতা নিয়ে নয়। বরং আলোচনা হোক এই বিভাগের সাফল্যের জানকাঠি নিয়ে। সেগুলিও কম, পরিসংখ্যান বিশ্লেষকরাই প্রেক্ষ এর শেষ বিন্দু। জলপ্রকল্পগুলি সার্থক করে তুলতে সাধারণ মানুষের ভূমিকা গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে।

নতুন পৌরবোর্ড চায়, নাগরিকরা আসুন তবুও নাগরিকদের কাছেই যাবে পৌরসভার স্বাস্থ্য দপ্তর

জাভেদ খান

নতুন পৌরবোর্ডে স্বাস্থ্য মন্ত্রকের ভার নিয়ে যখন আসি বেশি, বসার ঘরটুকু ছাড়া আর কিছু নেই। নেই চেয়ার। নেই টেবিল। নেই কোন ফাইল আলমারি। চলছে টুকরো কাগজের ওপর অনুমোদনের যাবতীয় কাজ, সবটাই অগোছালো। টিলেঢালা ব্যাপার।

প্রথমেই মনে হল, কাজের ক্ষেত্রে কোনও প্রায়োরিটি বেসিসও এদের নেই। এই অবস্থায় কাজে বসে প্রথমেই ঠিক করি, ম্যালেরিয়া সম্পর্কে সাধারণ মানুষকে সচেতন, সজাগ করার কাজটা আগে করা দরকার। বৃষ্টিটা ছুতোই ম্যালেরিয়া রয়েছে। কলকাতায় একটু বেশি। তাই ম্যালেরিয়া নিয়ে কাজে নেমে পড়লাম। নাগরিকরা পৌরসভার কাছে চিকিৎসার ব্যাপারে যেমন আসছেন আসুন, তবে পৌর স্বাস্থ্য পরিষেবা শক্তিশালী করে তুলে পৌর দপ্তর নিজেরাই নাগরিকদের কাছে পৌঁছে যাবে, এই নতুন ধারণার কার্যকরী রূপে চালু হল মোবাইল ডিসপেনসারি। এই ভ্রাম্যমাণ ল্যাবরেটরিতে নাগরিকদের রক্ত পরীক্ষা করে বাড়িতে তার রিপোর্ট দিয়ে দেওয়া হচ্ছে। এ ব্যাপারে লায়ন্স ক্লাব, রোটারি ক্লাবগুলিও পুরসভার কর্মসূচিতে ইতিবাচক ভূমিকা নিয়ে সক্রিয়ভাবে এগিয়ে এসেছে। পুজোর সময় নাগরিকদের ঘরে ঘরে সচেতনতা করা হয়, বেজনা প্রচারপত্র বিলি হল। চলে রক্ত পরীক্ষার কাজও। এই সময় ভ্রাম্যমাণ ল্যাবরেটরিতে প্রায় ২২০ জনের রক্ত পরীক্ষা করা হয়। প্রায় ৮৪ জনের রক্তে ম্যালেরিয়ার জীবাণু ধরা পড়ে।

অন্যান্য রোগ নিয়ে চুলচেরা বিশ্লেষণ করার কিছু দেখি না। ম্যালেরিয়া হচ্ছে। রয়েছে এ কথায় ঘোষণা করার কিছু নেই। তবে একথা বলব, ম্যালেরিয়া নিয়ে সার্থক ভূমিকা নেওয়ার ক্ষেত্রে গতবারের তুলনায় যোগের প্রকোপ এবার অনেক কম। গত অক্টোবর মাসে ২৮ জন ম্যালেরিয়া রোগে মারা যায়। এ বছর অক্টোবর মাসের ১৯ তারিখ পর্যন্ত মারা গেছেন ১৪ জন। এর মধ্যে ৯ জনই বাইরে থেকে আসা রোগী। বাকি পাঁচজনের মধ্যে ৪ জনেরই বয়স ৮৩/৮৪-র ওপর। ম্যালেরিয়ার সঙ্গে কমবেশিভাবে জড়িয়ে থাকে ডেঙ্গুরও একটা ভাইরাস ঘটিত জ্বর। ডেঙ্গুপজিটিভদের এক তৃতীয়াংশ মারা যান নিজেদের চিকিৎসার বিভ্রাটে।

ম্যালেরিয়া নিয়ে প্রচারাভিযানে উৎসাহ নিয়ে পুজো কমিটিগুলির মধ্যে পুরস্কার বিতরণেরও সিদ্ধান্তও নেওয়া হয়েছে। সাধারণ মানুষের মধ্যে চেতনা জাগাতে লায়ন্স ক্লাব সহ বিভিন্ন এন জি ও সংস্থাগুলিকে সক্রিয় করে তোলার উদ্যোগ নেওয়া হয়েছে এবং হচ্ছে। এইসব সংস্থা এবং পৌরসভার কর্মীরা যৌথভাবে বিভিন্ন এলাকার পুকুরের কুচুরি পানা, ডাবরের টায়ার টিউব, ভাঙা হাঁড়ি-কলসি, ভাবের খোসা প্রভৃতি মশক উৎপাদনের আঁতুরঘরগুলি উৎপাটিত করার চেষ্টা অব্যাহত রেখেছেন। আমরা ঠিক করেছি, আগামী ডিসেম্বরের পর বিভিন্ন ঘরোয়া নিমিত্ত ওয়ার্ডগুলির এক একটির প্রত্যেকটি বাড়ির আবাসিকদের স্বাস্থ্য সংক্রান্ত বিস্তারিত তথ্য লিপিবদ্ধ করা হবে। এইসব তথ্য স্বাস্থ্য সম্পর্কিত কোনও নীতি বা সিদ্ধান্ত গ্রহণ করার সময় কাজে লাগানো হবে। এরই সঙ্গে প্রত্যেককে

নেওয়া হবে রোগীর ছাড়া। এ কাজে C U D P-র প্রায় ২৫০ কর্মীর সহায়তা নেওয়া হবে। প্রয়োজনে বাড়তি লোক নিয়েও ঘরে ঘরে এই পরীক্ষা চালানোর ব্যবস্থা করা হচ্ছে।

এছাড়া এরিয়াকে বিপদ থেকে পৌরসভার বিশেষ স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দিতে উদ্যোগী হয়েছে। এজন্য তা খুঁজিয়ে নিয়ে সংযুক্ত এলাকাগুলিতে মোবাইল স্বাস্থ্যকেন্দ্র ক্লিনিক নিয়ে যাবার পরিকল্পনা নিচ্ছি। নির্দিষ্ট দিনে, নির্দিষ্ট সময়ে এইসব ভ্রাম্যমাণ স্বাস্থ্যকেন্দ্র থেকে রোগীদের চিকিৎসার ব্যবস্থা করা হবে এবং ওষুধও দেওয়া হবে। তবে সমীক্ষা হয়ে গিয়ে পরামর্শ দেওয়া হলে তা নয়, বেড ঃপরিবারের এই চিকিৎসার খুঁটি নিয়ে এবে অবশ্যই অংশগ্রহণকারী করা হবে।

এছাড়া ম্যালেরিয়া-টিউবারকিউলোসিস রোগীদের জন্য এক একটি নির্দিষ্ট রোগের হাসপাতাল চালু করার পরিকল্পনাও হয়েছে।

এলাকা ভিত্তিক পরীক্ষার ফল পাওয়ার, তাড়াতাড়ি কিছু পরিবর্তন করা সম্ভব নয়। তবে পরিবর্তনের একটা চেষ্টা ইতিমধ্যে চালু হয়েছে এবং তা থেকে ভাল ফলাফল পাওয়া যাচ্ছে সে বিষয়ে কোন সন্দেহ নেই।

আগে জয়রামবাবুদের ক্লিনিকে ওষুধ-ডাওয়া নিয়ে অনেক অভিযোগ ছিল। সারপ্রাইজ ভিজিট দিয়ে দেখেছি এই অভিযোগের পরিমাণ কমে এসেছে। জয়রামবাবুরা সকাল আটটা থেকে দুপুর দেড়টা পর্যন্ত রোগীদের দেখাশোনা করছেন, ওষুধ কেনার ব্যবস্থাও মনটা ঠিক হয়নি, তবে আশা করি ঠিক হয়ে যাবে। সি ইউ সি সি কর্মীদেরও বলেছি সকাল ৮টা থেকে ২টা পর্যন্ত ডিউটি যেন ঠিকমত করে।

পানীয় জল নিয়ে কোনও কোনও মহল থেকে অভিযোগ আসে। কিন্তু আমরা বলছি ঘরে ঘরে কলের ট্রিটেড জল দিতে আমরা পরীক্ষাগারে নিয়মিত পরীক্ষা চালাই। ফলে আমেরিকা থেকে ফল মিল

কেন্দ্রীয় সরকারের কাছে চেয়েছি প্রায় ৬৭ কোটি টাকা

হুমায়ুন্দ গুপ্ত

কলকাতাকে সবুজ করে গড়ে তুলতে গত দু' দশক আমরা সচেষ্ট রয়েছি। কেন্দ্রীয় সরকারের পরিবেশ মন্ত্রী টি এন বালুর কাছে আমরা একটি দাবিপত্র দিয়ে এসেছি। আগামী ৯৫-৯৬ বছরের এই পরিকল্পনার মোট ৬৬ কোটি ৫০ লক্ষ টাকা ব্যয়ের প্রস্তাব করা হয়েছে। কেন্দ্রীয় মন্ত্রীর কাছে পেশ করা। প্রস্তাবে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে কলকাতার খোলা জায়গার পরিমাণ আরও বাড়ানোর জন্য। কলকাতা শহরে শতকরা ৪ ভাগ খোলা জায়গা রয়েছে। কলকাতায় সবুজ বাড়ানোর জন্য পার্কের সংখ্যা বাড়াতে হবে, খোলা জায়গা আরও বেশি বেশি করে চাই। এই জন্য আমাদের দাবিপত্রে পৃথকভাবে ৫০ কোটি টাকা রাখা আছে শুধু জমি কেনা বা জমি নেওয়ার জন্য। আমরা চাই, কলকাতার নাগরিকদের স্বার্থে খোলা জমির মালিকেরা আমাদের আহ্বানসত্ত্বেও যেন ক্রম মূল্যে জমি দিন যাতে সেই টাকিতে পার্ক তৈরি করে আমরা সেই অঞ্চলের মানুষদের সুস্থ, সুষমামুক্ত বসবাসোপযোগী পরিবেশ গড়ে তুলতে পারি।

কলকাতার পার্কগুলির মধ্যে অনেকগুলিতে নানা ধরনের অসামাজিক কাজকর্ম হয়। অনেকে ঘর বা ছাউনি বানান। এগুলি আমরা সমীক্ষা করে দেখছি। এটি আইন-শৃঙ্খলার বিষয়। আমার মনে হয়, জনচেতনা বাড়ানোর মাধ্যমে জনগণের সক্রিয় সহযোগিতায় এই ধরনের অসামাজিক কাজকর্ম বন্ধ করা যায়।

শহর ছুঁয়ে থাকবে। শুধু তালিকাতে আমরা সর্বাপেক্ষা গুরুত্ব দিয়েছি। এই কারণে আমরা চেষ্টা করছি ১৪১টি ওয়ার্ডের প্রত্যেকটিতেই বিঘা বিঘা করে নতুন গাছ লাগাতে। ইতিমধ্যে ১৪টি ওয়ার্ডের মধ্যে ছটিটি ওয়ার্ডে গড়ে ৫০০টি করে গাছ লাগানো হয়েছে। রাস্তা এবং ফুটপাথ মেরামত করতে গেলে, স্টাম্প তোলা থেকে পোতা পর্যন্ত গাছ লাগানোর অনুষ্ঠানে অংশগ্রহণ করেছি।

কলকাতার যেসব পার্কগুলি আছে তাদের রক্ষণাবেক্ষণে বর্তমানে যে অর্থ প্রয়োজনের তুলনায় অনেক কম। এর জন্য আমরা চেষ্টা করছি পার্কগুলির রক্ষণাবেক্ষণের দায়িত্ব বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের হাতে তুলে দেবার। তাঁরা অর্থদানের রক্ষণাবেক্ষণই করবেন তবে কোনরকম পরিচালক ব্যবস্থার চলবে না। কলকাতায় পার্কের সংখ্যা কম থাকায় ছেলে-মেয়েরা খেলাধূলা করতে পারে না, পার্কগুলি ব্যবহারযোগ্য করে তাদের অন্ততঃ একটি করে ছুটির দিন করার চেষ্টাও করা হচ্ছে।

আমরা যে দাবিপত্র পেশ করেছি তাতে ৬৬ কোটি ৫০ লক্ষ টাকার মধ্যে পশ্চিমবঙ্গ সরকারের কাছ থেকে চাওয়া হয়েছে ১০ কোটি টাকা, পৌরসংস্থা দেবে ১৩ কোটি টাকা এবং বাকি ৪১ কোটি ৫০ লক্ষ টাকা কেন্দ্রীয় সরকারের পরিবেশ ও বন দপ্তর দেবে। এজন্য তলবি আর্থিক বছরে চাওয়া হয়েছে ৬ কোটি ৫০ লক্ষ টাকা।

কলকাতায় বৃক্ষরোপণের সঙ্গে সঙ্গে শহরের অন্তর্বর্তী ক্যানেলগুলির ধারে ধারে, গঙ্গা নদীর পাড়ে, বাইপাস এলাকায় দু' ধারে গাছ লাগানোর পরিকল্পনাও নেওয়া হয়েছে।

সেদিন ধরে কলকাতার অবস্থাওয়ার মূল্যের সঠিক মাত্রা পরীক্ষিত হয়নি। বিগত বছরগুলিতে যেসব বিদ্যু গাছ মারা হয়েছে তখন মূল্যের মাত্রা বর্তমানে কি রকম আছে, তাহাড়া আমরা আশা করি আন্তর্জাতিক আদালতে পরিচালন করে ইতোমধ্যে আমরা সহিকভাবে ক্ষতিপূরণ পাবো। এই কারণে বিভিন্ন পরিবেশ বৈজ্ঞানিকদের নিয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। এঁরা আগামী তিন মাসের মধ্যে তাঁদের রিপোর্ট পেশ করবেন।

রিপোর্ট পেলে আমরা জানতে পারবো কলকাতার কোন অঞ্চলে কি ধরনের নূতন জমির পরিস্থিতি হয়েছে এবং তখনই আমরা ঠিকমত অঞ্চলভিত্তিক কাজে নামতে পারবো। বর্তমানে আমরা কি এম ডি এ এই ধরনের একটি সার্ভে করছে এবং সেটিই এখন পর্যন্ত শেষ সমীক্ষা।

আমরা চাই কলকাতার নাগরিকদের সচেতনতা এবং সক্রিয় সহযোগিতা। নাগরিকরা প্রত্যেক বাড়ির সামনের খোলা জায়গায় গাছ লাগান। এজন্য ফুলে ফলের ছায়ে বাগান করুন। প্রয়োজনে পৌরসভা থেকে এ বিষয়ে সংশ্লিষ্ট নাগরিকদের পরামর্শ নেওয়া হবে এবং সাহায্য করা হবে। বাড়ির চারপাশ পরিষ্কার রাখুন। ফুটপাতে লাগানো গাছগুলিকে বাঁচিয়ে রাখতে সজাগ থাকুন।

আমার দৃঢ় বিশ্বাস সকলের সক্রিয় সহযোগিতা পেলে কলকাতাকে আরও সবুজ করে গড়ে তোলা যাবে যেখানে সকলে বুক ভরে ভালো বাতাস নিতে পারবেন।

পৌরবাজারগুলিকে লাভজনক করতে চাই

সামসুজ্জামান আনসারি

কলকাতা পৌরসভার তৃণমূল-বিরোধী ছোট নতুন বোর্ড গঠন করার আগে এখন ছাদ পড়েছে বাজার ও আলো বিভাগের দায়িত্ব। দায়িত্ব নেবার দুদিনের মধ্যে আমার রক্ত জলধিকার হয়েছে। দেখেছি কাজকর্মের পদ্ধতি খুব ধীর, কাজের পদ্ধতি বাতিলযোগ্য পর্যায়ের, সেই চেষ্টা শুরু করেছি। বিগত পুরনো বছরের কাজকর্মে তেমন 'ওয়ার্ক কালচার' ছিল না, আমরা 'ওয়ার্ক কালচার'কে ফিরিয়ে আনার চেষ্টা করছি। নতুনের উন্নতির চেষ্টা করছি। যেসব বিভাগে ঘাটতি আছে, সেই ঘাটতি পুষিয়ে তাকে লাভজনক অবস্থায় আনতে হলে ওয়ার্ক কালচারের পরিবর্তন হওয়া দরকার।

আমার বাজার বিভাগে কেন কয়েক বছরের ফাইল নিষ্পত্তি হয়নি, কত মিউটেশান ফাইল-এরও একই অবস্থা নিষ্পত্তিহীন অবস্থায় পড়ে আছে। কেন অনেক কোটি টাকা আদায় হয়নি। পুরনো বোর্ডে যাঁরা ছিলেন তাঁরা এই কাজগুলি শেষ করে যাননি। নতুন বোর্ড আসার পর আমাদের কাউন্সীল মেয়র-এর নেতৃত্বে সেই সব নিষ্পত্তিহীন ফাইলগুলি নিষ্পত্তি করা এবং বকেয়া টাকা আদায় করার কাজকে আমরা অগ্রাধিকার দিয়েছি।

বিগত অনেক বছরের কর্মকেন্দ্রে অনেকগুলোই বাজার বিভাগে সর্বমোট ২ কোটি ৩ লক্ষ টাকা বকেয়া দেখানো হয়েছে। আমি মেয়র-এর নেতৃত্বে চেষ্টা চালাচ্ছি যাতে আগামী বাজেট আসবের আগে বিভাগ আর ঘাটতিতে না আসে। বাজারগুলি পরিদর্শনের সময় আমি দেখেছি বাজারগুলির অবস্থা খুবই খারাপ। অনেকগুলি তো এমন খারাপ অবস্থায় পৌঁছেছে যে কোন মুহূর্তে ভেঙে পড়ে বড় দুর্ঘটনা ঘটিয়ে পারে। আমি সব দেখে অবাক হয়ে গেছি। যাঁরা এত বছর এখানে ক্ষমতায় ছিলেন তাঁরা বাজারের দিকে নজর দেননি। রক্ষণাবেক্ষণও ভালোভাবে করেননি, বাজারের ক্ষেত্রে নতুন কোন উদ্যোগও গ্রহণ করেননি। মার্কেটগুলি ধীরে ধীরে ধ্বংসের মুখে নিয়ে যাওয়া হয়েছে।

কলকাতা পৌরসভায় ২৩টি বাজার আছে। যার মধ্যে অনেকগুলি ভাল অবস্থায় আছে, কয়িগুলির অবস্থা মোটেই ঠিক নেই। এই সব বাজারগুলি রক্ষণাবেক্ষণের জন্য বাজেটে যা টাকা ধার্য হয়েছে তা দিয়ে এগুলি যথাযথ রক্ষণাবেক্ষণ করা সম্ভব নয়। আমরা ইতিমধ্যে আলোচনা করেছি পীঠাই পরিকল্পনা গ্রহণ করবো যাতে কয়েকটি নির্দিষ্ট মার্কেট উন্নয়ন করা সম্ভব হয়। আমরা নিজেরা উদ্যোগ গ্রহণ করে উন্নতি সাধন করবো নয়তো কোন ডেভেলপারকে দিয়ে এগুলির উন্নতি ঘটাবো। এছাড়া বাজারগুলির পরিবেশও স্বাস্থ্যকর নয়, পরিচ্ছন্ন নয়। আমরা চেষ্টা চালাচ্ছি, যাতে বাজারের প্রত্যেক দোকানদার যাঁরা জিনিসপত্র বিক্রি করেন, যাঁরা বাজার করতে আসেন সেইসব ক্রেতারা তাঁদের জন্য ভাল পরিবেশ বিভাগে চারপাশ পরিচ্ছন্ন রাখা যায়। কাজটা খুব সহজ নয়—একটু সময় লাগবে, কিন্তু আশা করছি, আমরা সাফল্যলাভ করবো। আমরা কলকাতাবাসীদের মেখাতে পারবো আমরা এসে শুধু চেয়ারে বসে নেই। বাস্তবিকভাবে চেষ্টা চালিয়ে যাচ্ছি। আমাদের বিশ্বাস, আমাদের অনুসন্ধানের আন্তরিকতায় আমরা এই কাজে সফল হবো।

আমার অন্য যে লক্ষ্য সেটি—তাহ বাজেটে এত টাকা যে সেই বাজেটে গোটা কলকাতা শহরকে আলো দিয়ে সাজানো সম্ভব নয়। আমরা ঠিক করেছি কলকাতার কিছু কিছু অঞ্চলে হিসেব করে বাতি এলাকায় এখনও অনেক জায়গায় আলো লাগানো বাকি আছে, সেই সব অঞ্চলে নতুন করে আলো লাগানো হবে। এই ব্যাপারে আমরা আলোচনা করছি কয়েকটি নতুন ধরনের আলো ব্যবহার করার জন্য। বিশেষ করে ছোট আলো যাই, সোল-এ আমরা আলোর নতুন ব্যবস্থা ব্যবহার করে দেখবো, আলো করি নাগরিকরা পছন্দ করবেন। আলোগুলি দেখতে ভাল ও কম বিদ্যুৎ-এর ব্যবহারকারী হয়। আগামীর ১০০ ওয়াটের জায়গায় কমপক্ষে ২২ ওয়াটের বাল্ব লাগানো হবে। এর ফলে বিদ্যুতের সাশ্রয় হবে, বাল্বগুলির আয়ু বেশি হবে, বেশি আলো হবে এক একই সঙ্গে তা সুন্দর হবে।

বিগত বাজেটের বরাদ্দের কথা আমার মনে আমরা ভাবছি কি করে আগামী বাজেটে বাজার ও আলো বিভাগে বেশি করে টাকার সংস্থান রাখা যায়। যদি রাখা যায় তবেই এই দুটো বিভাগের সম্পূর্ণ উন্নতি সাধন করা যাবে।

আমরা যে অবস্থায় ক্ষমতায় এসেছি, এই জঞ্জাল থেকে উদ্ধার পেতে এবং যথার্থ উন্নয়নের পথে চলার জন্য মহানাগরিকের নেতৃত্বে আমাদের সকলকে মিলেমিশে চেষ্টা করতে হবে। তবেই কলকাতা শহরের মানুষ আমাদের কাছে যা আশা করছে, সেই সময় কাজ তাঁদের কাছে পৌঁছে দিতে পারবো।

জোড়া পাখী ও পৌরসভা

অশোক সেনগুপ্ত

১৮৯৯-এর ২৮ ডিসেম্বর। লন্ডন থেকে ফিরলেন এল ফলকাতায়। পৌরসভার প্রতীকচিহ্ন চাই। 'প্রেসিডেন্সি ডিভিশনাল কমিশনার' স্যার অলবনি উইলিয়ম উড পাঠালেন চিঠি। পৌরসভায় সেটি নিয়ে আলোচনা হল 'বিশেষ কমিটি'-তে। পৃষ্ঠীত হল প্রতীকচিহ্ন। মুখোমুখি দাঁড়িয়ে থাকা দুটি পাখী। মুখে বাঙ্ময় সাপ। মাথে রাজমুকুট। সেই শুরু। পৌরসভার নথি, বা পৌরভবনে খোদাই হয়ে থেকে সাড়েবসের সেই প্রতীকচিহ্ন। ছবির নিচে লাটিন প্রবাদ 'সার আবদুল্লা সেপিরিনিক এসেন্ট।'

এখনও কলকাতায় পৌরসভার পুরনো দু'একটি দপ্তরে দেখা যায় সেই প্রতীকের খোদাই। দেশ স্বাধীন হওয়ার প্রায় ১৪ বছর বয়সে বাধি উঠল, কলকাতা পৌরসভায় সাড়েবসের প্রতীকচিহ্ন রাখা চলবে না। জন্ম পড়ল অনেকটি প্রতীক। শেষ পর্যন্ত গৃহীত হল একটি।

১৯৫১-র ৩ ফেব্রুয়ারি জন্ম পড়ল প্রতীক। গৃহীত হল ২২ ফেব্রুয়ারির বৈঠকে। প্রতীকে এবার লাটিন শব্দের পরিবর্তে বাংলা হরফে, বাংলা ভাষায় বাণী—'পুরশ্রী বিবর্ধন'। তার নিচে লেখা 'কলিকাতা পৌরসংস্থা'। এর নিচের খোপে বজরাপক্ষী নৌকো। আয়তাকার প্রতীকচিহ্নের চার কোনে চারটি বর্গাকার ছোট্ট খোপ। উপরে বাঁ দিকে সৌন্দর্য ও সংস্কৃতির বার্তাবহ ৮টি পাপড়ির পদ্ম। ডান দিকে শিল্প ও উন্নয়নের চিহ্ন আটি গাছের চারা। নিচে বাঁ দিকে শারীরিক উন্নতির মন্ত্রিপাকর্ত বহ্নিশিখা। ডান দিকে যন্ত্র—গতি আর বৈদ্যুতিক শক্তির চিহ্ন।

বহ্নিশিখা আর যন্ত্রের উপরে ছোট্ট দুটি খোপে জ্বলে ভাসমান মাছ। প্রতীকচিহ্নের মাঝের মূল ছোপটিতে অগ্নি—পবিত্রতা আর শুদ্ধতার বার্তাবহ।

দুই পাখী থেকে পুরশ্রী বিবর্ধন—মাঝে অনেকটা পথ। এই বিস্তৃত সময়ের মধ্যে বদলে গিয়েছে পৌরসভার আইনের, কাজের এবং প্রশাসনেরও চরিত্রও। 'কলকাতা মিউনিসিপাল গেজেট'-এর পাতায় পাতায় সেই পরিবর্তনের আলেখ্য। 'কে লেখেননি তাতে! অতুল প্রসূনচন্দ্র রায়, চন্দ্রশেখর ভেঙ্কটরমন, প্রফুল্ল সুরাবর্দি, বসিলীরঞ্জন সরকার, সর্বপল্লী রাধাকৃষ্ণন, বিপিনচন্দ্র পাল, ফজলুল হক। 'প্রবাসী' আর 'দি মডার্ন রিভিউ'-এর সেকালের অ্যাসোসিয়েট সম্পাদক রামানন্দ চট্টোপাধ্যায় '৩০-এর ২২ নভেম্বর সংখ্যায় লিখলেন, কলকাতার জনসংখ্যা ১১ লক্ষ ৪২ হাজার ২৪৩। আর সিটির ৪ লক্ষ ৮৮ হাজার ১৮৮। আলবার্টিয়ানের ২ লক্ষ ৬৩ হাজার ৮০৬। হাওড়া-সহ কলকাতার আয়তন সেই সময়ে ছিল ৬২ বর্গমাইল। '২১-এ হাওড়া আর কলকাতার সম্মিলিত জনসংখ্যা ছিল ১৩ লক্ষ ২৭ হাজার ৪৪৭। আর এখন ? ১৪২৫ বর্গ কিলোমিটারের শহরে লোকসংখ্যা প্রায় ৯০ লক্ষ।

১৮৯৬-র নভ, ১৯৯১-র নভ। ১৭২৭ থেকেই মেয়র ছোট। পৌরসভায় মেয়র ছাড়াও ছিলেন ৯ জন অলডারম্যান। ১৭৯৪-তে আইনের বলে 'জাস্টিস অব পিস'রা শহরের প্রশাসনের দায়িত্বে এলেন। বাজারে ছল সার্বভৌম রোড। চালু হল শহরের নিকাশি-পরিষেবা। ১৭৯৪-এর আইনের বলে বাড়ির কর এবং পানীয়ের উপর লাইসেন্স ফিস চাপানো হল। ১৮১৯ সালে আদায় হল আড়াই লক্ষ টাকার কিছু বেশি। ১৮৩৯-এ কেবল বাড়ির কর আদায় হল ৩ লক্ষ টাকার উর্ধে।

পৌরসভার মূল পথ চলা শুরু কিন্তু লর্ড ওয়েলেসলির আমলে। ১৮০৫ সালে তিনি চলে যান স্বদেশে। তার আগেই শহরের উন্নতির রূপরেখা তৈরি করে

আন। ১৮২১ সালে কলকাতায় পাকা ও কাঁচা বাড়ির সংখ্যা ছিল যথাক্রমে ১৪,১৩০ এবং ৬৭,৫১৯। ১৯৩১ সালে তা থেকে কাঁচার যথাক্রমে ৩৮,৫৭৪ এবং ৮৭,৪৮২। ওয়ারেন হেস্টিংসের আমলে তৈরি হল লটারি কমিটি। অষ্টাদশ শতক শেষ হওয়ার দু'দশক আগেই পাকা হল এই রাস্তা। লটারির টাকায় তৈরি হল টাউন হল, কিন্তু রাস্তাঘাট। ১৮৭৪-এ হুগলিনদীতে। ১৮৯৯-তে চালু হাওড়ার কলইখানা। আসছে শহরবাসী, বাড়ছে শহরের পরিধি। টাকাপয়সার কারবার নিয়ে একের পর এক পরিবর্তন হচ্ছে পৌরসভার প্রশাসনিক কাঠামোর।

প্রথম বোর্ড, প্রথম পৌরনির্বাচন নিয়েও জমেছে ঢের অনেকে। ১৯২৪-এর ফেব্রুয়ারি মাস। স্বরাজ দল এর আগের বছরই ক্ষমতায়। দলনেতা ছিলেন দেশবন্ধু চিত্তরঞ্জন দাস। কলকাতার প্রথম মেয়রের শিরোপা পড়েছিল তাঁরই মাথায়। '২৪-এর ১৬ এপ্রিলে।

১৯২৩ সালের কলকাতা পৌরসভা আইনে পৌরসভার কাজকর্মের তত্ত্বাবধিনে সর্বময় কর্তা ছিলেন চিফ এক্সিকিউটিভ অফিসার। '২৪-এর ১৩ এপ্রিল সেই পদে নির্বাচিত হলেন নেতাজি সুভাষচন্দ্র। কর্মিত মাহিত নেতাজীর জন্য অপেক্ষা করতে হয়েছিল আরও মাসখানেক। ১৬ মে ওই পদে বসলেন তিনি।

ছয় মাস না-কাটতেই প্রেস্তার হলেন সুভাষচন্দ্র। '২৫-এর ২৩ অক্টোবর 'বেঙ্গল ক্রিমিনাল ল অ্যামেন্ডমেন্ট অর্ডার'-এর বলে ধরা হল পৌরকর্তা নেতাজিকে। আলিপুর জেলে বসেই পৌরসভার কাজকর্ম চালাতে লাগালেন। দেখা করতে জেলে যেতেন পৌর-অফিসারেরা। বেশ কিছুদিন এভাবেই কাটল। এর পর মাস তিনের জন্য জে সি মুখোপাধ্যায়কে ওই পদে বসানো হল। এর মধ্যে সুভাষচন্দ্রকে আলিপুর থেকে প্রথমে বেরহামপুরে, পরে সেখান থেকে পাঠানো হল মেদিনীপুরে। একটা গরজ প্রতিবাদ জানাতে সুভাষচন্দ্র শুরু করলেন অনশন। অসুস্থ হয়ে পড়লেন মেদিনীপুরে। জনমতের চাপে তাঁকে ছেড়ে দিতে বাধ্য হলেন ব্রিটিশ সরকার। ২৬-এর ১৫ মে, রবিবার ছাড়া পেলেন তিনি। খবর ছড়িয়ে পড়ল। খুশির খবর। পরদিন পৌরসভা অফিস ছুটি হয়ে গেল। তবে ব্রিটিশরা মেদিনীপুর থেকে প্রথমে কলকাতায় না-এনে তাঁকে আনলেন বারাকপুরে। গভর্নর যাতে লাটসাহেবের প্রাসাদে তাঁর শর্তাধীন করতে গেলেন বিধানচন্দ্র রায়, নীলরতন সরকার প্রমুখ ডাক্তারপ্রিন্ট চিকিৎসকেরা। শহরে ডাক্তারেরা তো ছিলেনই।

বিধানবাবু পরবর্তীকালে কলকাতার পৌরসভার মেয়র হয়েছিলেন। '৩১-এর ১৫ এপ্রিল। প্রায় এক বছর ওই পদে ছিলেন তিনি। তাঁর আগে কে মেয়র ছিলেন জানেন? সুভাষচন্দ্র নিজেই। '৩০-এর ২২ অক্টোবর থেকে প্রায় ছ'মাস। দেশবন্ধু আর সুভাষচন্দ্র—এই দুই কৃতী সন্তানের মেয়র পদের মেয়াদের মাঝে ওই পদে ছিলেন আর এক দেশবরেণ্য সন্তান অশ্বিনীকুমার সেনগুপ্ত। পরবর্তীকালে অনেকেই ওই পদে বসেন। এঁদের মধ্যে আছেন ত্রিগুণা সেন, নির্মলচন্দ্র চন্দ্র প্রমুখ।

'৩০-এর ১৩ ডিসেম্বর হাইকোর্ট বিচারালয়ে বিপ্লবীদের অভ্যুত্থানে মারা গেলেন আই ডি ট্রিফন সেশনস্‌জাজ অফিসিয়েটিং এন এম সিম্পসন। অন্যতম ছুন ফিচার লন্ডনের লর্ডস যে ক্রিকেট মেদানে এবং এক ভারতীয় আবার্সি। তুমুল হইচই পৌরসভাতেও। মেয়র ছিলেন নেতাজি কিন্তু প্রথানেই বিপ্লবীদের হয়ে সওয়ালি পেরেছিলেন। পুরনো 'কলকাতা মিউনিসিপ্যাল গেজেট'-এর পাতায় রয়েছে এ সবের বিস্তারিত প্রমাণ।

১৮৭৯ সালের 'মাদ্রাজ আইন'-এর বলে কলকাতা পৌরসভার প্রথম ভোট হয় ১৯০০ সালের ১৭ মার্চ। এর পরে '০৬, '১৯, '১৫, '১৮, '২১ সালে। '২৩-এর 'বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট'-এর বলে কলকাতার প্রথম পৌরভোট হয় '২৪-এ। এর পরে '২৭, '৩৫, '৩৯, '৩৮, '৪০, '৪৪, '৪৫-তে। ১৯৫২-এ চালু হল 'কলকাতা মিউনিসিপ্যাল অ্যাক্ট'। কেবল '৪১ থেকে '৫০-এর মধ্যেই এই আইন সংশোধন হয়েছে ৯ বার।

১৮৯৯-এর আইনে পৌরসভায় ছিলেন ৫০ জন কমিশনার। এদের অর্ধেক কাউন্সিলর, তখন তাঁদের বলা হত কমিশনার। ৫০টি ওয়ার্ডের প্রতিনিধি ছিলেন তাঁরা। এঁদের ২৫ জন নির্বাচিত হতেন করদাতাদের ভোটে। ১৫ জনকে মনোনীত করতেন সরকার। ১০ জনকে 'এলাকার বাড়ি'। এই ১০ জনের মধ্যে ৪ জনকে বেঙ্গল চেম্বার অব কমার্স, ৪ জনকে কলকাতা ট্রেডার্স অ্যাসোসিয়েশন, ২ জনকে বন্দর-কর্তৃপক্ষ।

নতুন আইন চালু হওয়ার পরে পৌরসভায় নির্বাচিত হলেন ৮৫টি ওয়ার্ডের 'কাউন্সিলর'। এঁদের ৬৩ জন নির্বাচিত হলেন। বাকিরা মনোনীত। এঁদের মধ্যে ছিলেন ৪ জন 'অলডারম্যান'। এই অলডারম্যানরাই মেয়র, ডেপুটি মেয়র ঠিক করতেন। পুরনো পৌর-পরিষদে দেখা যাচ্ছে '৪৩-'৪৪-তে কাউন্সিলরের সংখ্যা বেড়ে হয়েছে ৭৫ জন। অলডারম্যান ৫ জনই। এর পরে দু'দফায় বেড়ে কাউন্সিলরের সংখ্যা হল ১০৫। ১৯৮০ সালে নতুন আইন হওয়ার পরে কলকাতার প্রথম পৌরভোট হল '৮৫-তে। তখন সংযোজিত বালিগঞ্জ, মেয়রাল ও গার্ডেনরিচের ৪১টি ওয়ার্ড নিয়ে মোট ১৪১টি ওয়ার্ডে ১৪১ জন কাউন্সিলর। টিকে গেল অলডারম্যান পদ।

দেশবন্ধুর অগ্রগণ্য শিষ্য কলকাতার ছিল মেয়র পদ। তখন তাঁরাই পৌরসভায় কর্তৃত্বে ছিল এককাঠেই বলাবাহুল্য। ১৭২৭ সালে মেয়র পদ্ধতির পৌর-পরিষেবা ও মেয়র ইন-কাউন্সিল দায়িত্বে ছিলেন। ১৭৯৪-তে এলেন 'জাস্টিস অব পিস' (জে পি)-রা। জে পি-দের নির্বাচিত করার প্রথম ভোট হয়েছিল ১৮৪৭-এ।

পৌরসভা সংবাদ

শুরু হল শহরের পথ ধুয়ে দেওয়ার কাজ

সংহার জঞ্জাল অপসারণে বিভাগ কলকাতায় বিশেষ কয়েকটি রাস্তা ফেন জল দিয়ে ধুয়ে দেওয়ার কাজ শুরু করেছে। এ ধরনের উদ্যোগ বহু বছর আগে নেওয়া হলেও তা অল্পেতেই শেষমেশ ধামাচাপা পড়ে যায়। নতুন পৌর বোর্ড ক্ষমতায় আসার পর সংশ্লিষ্ট বিভাগের মেয়র পারিষদ মানস ভুঁইয়ার উদ্যোগে এ নিয়ে ফের আলোচনা শুরু হয়। অধিকারিকদের নিয়ে উচ্চ পর্যায়ের কয়েক দফা বৈঠকের পরেই শ্রীমতী ভুঁইয়া জানান, শহরের বেশ কয়েকটি রাস্তা জল দিয়ে ধুয়ে পরিষ্কার করার কাজ বাস্তবায়িত করা হবেই। যেমন কথা তেমন কাজ। এরই ভিত্তিতে ১৪ অক্টোবর থেকে শুরু কারওয়াশ-এর মাধ্যমে জল দিয়ে রাস্তা ধোয়ার কাজ। এ কাজের সূত্রপাত ঘটে ওই দিন কলেজ স্কোয়ার চৌরঙ্গিতে সংশ্লিষ্ট বিভাগের ভারপ্রাপ্ত মেয়র পারিষদ মানস ভুঁইয়া সহ পৌর কর্তৃপক্ষের উচ্চপদস্থ আধিকারিকরা উপস্থিত ছিলেন।

এক মেয়র পারিষদ উদ্বোধন করছেন মেয়র পরিষদ মানস ভুঁইয়া

নগর থেকে ঠিক হয়েছে, ধর্মতলা বালিগঞ্জ রোড, চৌরঙ্গী, এস এন ব্যানার্জি রোড সহ বিভিন্ন ডায়মন্ডকাট, আন্তর্জাতিক বিমানবন্দর ডানলপ, ডিস্ট্রিক্টরিয়া মেমোরিয়াল সহ মোট ৪৫টি রাস্তা ধুয়ে দেওয়া হবে প্রতিদিনই। উল্লেখ্য, নির্বাচনী ইস্তাহারে তৃণমূল কংগ্রেস শহরের রাস্তা ধোয়া হবে বলে আশ্বাস দিয়েছিল। মানস বাবুর উদ্যোগে সেই আশ্বাস এখন বাস্তবায়িত হল।

উল্লেখ্য, শহরের প্রথম পর্যায়ে রাস্তা ধোয়ার কাজ শুরু ১৪ অক্টোবর থেকে শুরু হলেও ২৩ অক্টোবর থেকে শুরু হয়েছে এর ২য় পর্ব। প্রাথমিক পর্যায়ে ছটি রাস্তায় এ কাজ শুরু হয়। দ্বিতীয় পর্বে শুরু হয়েছে বিবেকানন্দ রোড, কলেজ স্ট্রিট, হরিশ মুখার্জি রোড, হজরা রোড, আশুতোষ স্ট্রিট, চৌরঙ্গীর প্রভৃতি রাস্তা ধোয়ার কাজ। মেয়র পারিষদ মানস ভুঁইয়া জানিয়েছেন, ধাপে ধাপে গোটা শহরেই রাস্তা ধোয়ার কাজ পর্যায়ক্রমে শুরু হবে।

বিদ্যাসাগর স্মরণে

কলিকাতা পৌরসংস্থার উদ্যোগে ২৩ সেপ্টেম্বর মঙ্গলবার সন্ধ্যায় রবীন্দ্রভারতীর এক অনুষ্ঠানে পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের (১৮২০-৯১) জন্মদ্বিশতী উদ্‌যাপন করা হয়।

বিদ্যাসাগর উদ্যানে (অলেন্স রোডের) আয়োজিত এক অনুষ্ঠানে বিদ্যাসাগরের আবক্ষ মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন মহানগর চেয়ারম্যান অনিল মুখার্জি। মেয়র পরিষদ মানস ভুঁইয়া, প্রাক্তন পৌর চেয়ারম্যান শ্রীপৃথ্বী সেনগুপ্ত, তথা ও জনসংযোগ কর্তৃপক্ষের ভারপ্রাপ্ত উপমুখ্যপাত্রক তপন শিকদার প্রমুখ অনুষ্ঠানে বিদ্যাসাগরের মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন।

কলকাতা পৌরসংস্থা আগামীতে এই অনুষ্ঠানে একটি করে সাধারণ আলোচনা চক্র এবং ঐতিহ্য প্রতিষ্ঠিবিদ্যক বিদ্যাসাগরের জীবনকৃতিত্ব পুষ্পার্ঘ্যবরক প্রদান করবেন।

দুর্গতদের সাহায্যার্থে মহানাগরিকের ডাকে কর্মী মহলে স্বতঃস্ফূর্ত সাড়া

মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার বন্যাদুর্গতদের সাহায্যার্থে কলকাতা পৌরসংস্থার প্রায় ৪০ হাজার কর্মী ও অধিকারিক তাঁদের মাসের টাকা মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে দান করবেন বলে সিদ্ধান্ত নিয়েছেন। এর পরিমাণ প্রায় ১৯ লক্ষ টাকা। শুধু পৌরকর্মী এবং অধিকারিকই নন, পৌরসংস্থার কলমচারিবিশেষে সমস্ত কাউন্সিলার মেয়র পারিষদবৃন্দ তাঁদের এক মাসের বেতন ত্রাণ তহবিলে দিচ্ছেন।

মেয়র মাহলেরও বিদেশ ঈদে এক মাসের প্রায় সাম্মানিক ভাতা।

মেয়র সহ কাউন্সিলর, অতিরিক্ত মেয়র পরিষদবৃন্দ প্রমুখের বেতন সহায়তার পরিমাণ গত ডিসেম্বর থেকে ৫৩ লক্ষ টাকার বাজেটের বলে অনুমান করা হচ্ছে।

ইতিমধ্যে মেয়রসহ বিভিন্ন ক্ষেত্রে সাধারণের জন্যও মহানাগরিক সংবেদনশীল ও সৌর বৃত্তপথে যুক্ত হয়ে যান করার অনুরোধ জানিয়েছেন। খবর এল, এই সূত্রের বিভিন্ন দফতর ও সংস্থা এবং প্রতিষ্ঠান থেকে প্রতিদিনই কিছু না কিছু মন মেয়রস ট্রাম ডিপোতে জমা পড়ছে।

উল্লেখ্য, কলা বৃত্তপথের জন্য ট্রাম ডিপোতে যুক্ত হয়ে যান করার বিষয়টি নিয়ে মহানাগরিক বীক্ষণ ইউনিয়ন নেতৃবৃন্দের সঙ্গে এক বৈঠকে ২৮ সেপ্টেম্বর সিদ্ধান্ত হল। নেতৃবৃন্দ এ ব্যাপারে মহানাগরিককে সর্বপ্রকার সহযোগিতারও আশ্বাস দেন।

সাম্মানিক ভাতা বৃদ্ধি

কলকাতা পৌরসংস্থার পৌর প্রতিনিধিদের সাম্মানিক ভাতা বৃদ্ধির সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এর সঙ্গে এই ভাতা বৃদ্ধি হবে মেয়র মহানাগরিক সহ তাঁর পারিষদবৃন্দেরও।

গত ১ অক্টোবর থেকে নতুন ভাতা বৃদ্ধির সুপারিশ কার্যকর হচ্ছে। মেয়র পরিষদের বৈঠকে গৃহীত সিদ্ধান্তে স্থির হয় এখন থেকে পুরপিতাদের ভাতা বৃদ্ধি পেয়ে ১৮০০ টাকা হবে। আগে প্রতি মাসে এর পরিমাণ ছিল ১৫০০ টাকা। নতুন হারে ভাতা বৃদ্ধির ফলে ডেপুটি মেয়র এবং পৌর চেয়ারম্যানের বর্ধিত সাম্মানিক ভাতার পরিমাণ হল ২৪০০ টাকা। মহানাগরিকের ভাতা বৃদ্ধি পেয়ে দাঁড়াচ্ছে ২৬০০ টাকা।

জন্মদিনে গান্ধীজির প্রতি শ্রদ্ধাঞ্জলি

মহাত্মা গান্ধীর জন্মদিনে (২ অক্টোবর) তাঁর এক তৈলচিত্রের আবরণ উন্মোচন করা হয়েছে। কলকাতা পৌরসংস্থার কেন্দ্রীয় ভবনে মেয়রের অফিসঘরে এই তৈলচিত্রের আবরণ উন্মোচন করেন কলকাতার মহানাগরিক সুব্রত মুখার্জি।

এইদিন বেলা ১২টায় মহানাগরিকের অতিথিকক্ষে ছোটখাটো এক অনুষ্ঠানেরও

মেয়রের অতিথিকক্ষে গান্ধীজীর তৈলচিত্রে প্রথম ফুলমাল্য দিচ্ছেন মহানাগরিক সুব্রত মুখোপাধ্যায়

আয়োজন করা হয়। এই অনুষ্ঠানে মেয়র পরিষদ সদস্যবৃন্দের মধ্যে ছিলেন রাজ, শোভন চট্টোপাধ্যায়, স্বপন সমাদ্দার, রূপচাঁদ পাণ্ডে, রাজীব মেহতা প্রমুখ উপস্থিত ছিলেন। পৌরসংস্থার চেয়ারম্যান অনিল মুখার্জিও এদিন অনুষ্ঠানে উপস্থিত থেকে মেয়র পারিষদবৃন্দের সঙ্গে মহাত্মা গান্ধীর প্রতি শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করেন। নাগরিক ভাষণে মহানাগরিক সুব্রত মুখার্জি মহাত্মাজীর অহিংসা, ভালবাসা নিয়ে আলোচনা করেন। মহানাগরিকসহ অন্যান্য মেয়র পরিষদবৃন্দ মহাত্মাজির তৈলচিত্রে পুষ্পস্তবক দিয়ে শ্রদ্ধার্ঘ অর্পণ করেন। অনুষ্ঠানে পৌর প্রতিনিধি, সংস্থার মুখ্য পৌর মহাধ্যক্ষ জনাইলাল বিশ্বাস, পৌর সচিব সহ অন্যান্য আধিকারিক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

কথাসাহিত্যিক শরৎচন্দ্রের জন্মবার্ষিকী উদ্‌যাপন

কলকাতা পৌরসংস্থা ও সংবেদ প্রতিদিনের যৌথ উদ্যোগে গত ২৪ সেপ্টেম্বর কেন্দ্রীয় পুরভবনে কথাসাহিত্যিক শরৎচন্দ্রের প্রাক্-১২৫তম জন্মবার্ষিকী উদ্‌যাপন করা হয়।

এদিন সংস্থার কাউন্সিলারস ক্লাব রুমে আয়োজিত অনুষ্ঠানে এক সংক্ষিপ্ত ভাষণে কলকাতার মেয়র সুব্রত মুখার্জি কথাসাহিত্যিকের সাহিত্যে ভাবনা, চরিত্রায়ণ বর্তমান প্রজন্মের কাছে তুলে ধরার আহ্বান জানান। কথাসাহিত্যিক প্রাক্-১২৫তম জন্মবার্ষিকী উপলক্ষে পৌরসংস্থা ও প্রতিদিনের 'পড়াশুনোর' যৌথ উদ্যোগে এক প্রতিযোগিতারও আয়োজন করা হয়। এই অনুষ্ঠানে সফল প্রতিযোগীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন মহানাগরিক।

সংবেদ প্রতিদিন পত্রিকার চিফ রিপোর্টার নারায়ণ বসু এই অনুষ্ঠানে বলেন, নিরক্ষরতা দূরীকরণের অভিযানে গ্রন্থ করে আজ ছাত্রছাত্রীদের এগিয়ে আসতে হবে।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পৌর চেয়ারম্যান অনিল মুখার্জি, মেয়র পারিষদ মইনুল হক চৌধুরী, প্রবীণ মেয়র, মালা রায় প্রমুখ। অনুষ্ঠানটি পরিচালনা করেন পড়াশুনো পত্রিকার সম্পাদক সুব্রত বাগ।

রুচিশীল ও মনের মত বিভিন্ন স্বাদের বই পেতে হলে কলকাতা পৌরসংস্থা প্রকাশিত বই পড়ুন

ছোটদের জন্য

আমাদের সুভাষ

সাধারণের জন্য

মুক্তির সংগ্রাম ও কলকাতার পথে

C. V. Raman Birth Centenary Issue

Anthology Number 1924-1947

Netaji Birthday Com. Vol. Centl. eve-tribute

C. M. Gazette-Netaji Centenary Issue

Calcutta-a set of Pictures

Calcutta at a Glance

কলকাতা সম্বন্ধে বিশদ জানতে হলে তথ্যসমৃদ্ধ পুস্তিকা নিয়মিত পড়ুন

উল্লিখিত বইগুলি কলকাতা পৌরসংস্থার তথ্য ও জনসংযোগ বিভাগ এবং রেকর্ড বিভাগের কাউন্টারে সারা বছর পাবেন।

তথ্য ও জনসংযোগ বিভাগ

১, হগ স্ট্রিট, হগ বিল্ডিং, কলকাতা-৭০০ ০৮৭

আমাদের লক্ষ্য
আরো পরিচ্ছন্ন
সবুজ সুন্দর
গতিশীল কলকাতা

নাগরিক পরিষেবায় আমরা সদা জাগ্রত

কলিকাতা পৌরসংস্থা

কলকাতা দূরশ্রী

বন্যাদুর্গত মানুষের সাহায্যে
মেয়রের ত্রাণ তহবিলে
মুক্ত হস্তে দান করুন

মেয়রস রিলিফ ফাণ্ড
কলিকাতা পৌর সংস্থা
৪ সুরেন্দ্রনাথ ব্যানার্জি রোড
কলিকাতা-৭০০ ০১৩

কলকাতা পুরশ্রী

২৭ নভেম্বর, ২০০০

কলকাতা পৌরসভার এখন প্রতিদিন নতুন নতুন কর্মসূচির আনুষ্ঠানিক সূচনা ঘটছে। গত ৪ মাসের মধ্যে অনেকগুলি নতুন প্রকল্পের উদ্বোধন ঘটেছে। এবারের সংখ্যায় কথাশিল্প সংস্থার সহযোগিতায় কলকাতার পানীয় জলের ব্যবস্থার প্রণালী পরিচালনা ব্যবস্থা কীভাবে উন্নয়ন করা যায় এই নিয়ে একটি নতুন প্রকল্পের উদ্বোধন অনুষ্ঠানের কথায় ____.

বিষয়সূচি

সম্পাদকীয় ☐ ২

কলকাতা পৌরসভার নতুন বোর্ড-এর ১০০ দিন ☐ ৩

আরণ্যপল্লী নিখনের কলকাতা আগমন ৫

হিটিলার / শীতুলকুমারী মল্লিক ☐ ৮

সেকালের 'শঙ্কা জ্বর'—একালের

'ম্যালেরিয়া' / ধরিপদ ভৌমিক ☐ ১৭

উন্নয়নে রাজনীতি আর এসে ইতিহাসে কথা বলবে না ☐ ২৩

পৌরসভা সংবাদ ☐ ২৭

সম্পাদক অমলেন্দু ভট্টাচার্য

সহযোগী অরুণকুমার রায়

মূল্য : ১ টাকা

প্রধান সম্পাদক অনুপ মিত্র

এশিয়ান পৌরসভার আগ্রহ মুদ্রণের পুরশ্রী, ৩৮ এ অমলেন্দু বিকাশ, ১ ম তল, ৫৯ বিডিবাগ (৪র্থ তলা), কলকাতা-৭০০ ০০১ থেকে অনুপ মিত্র দ্বারা প্রকাশিত এবং অনুপশ্রী অফসেট প্রসেসিং প্রাইভেট লিমিটেড কর্তৃক ১৮৬, বিপিনবিহারী গাঙ্গুলী স্ট্রিট, কলকাতা-৭০০ ০১২ থেকে মুদ্রিত।

সম্পাদকীয়

দেখতে দেখতে কলকাতা পৌরসভায় নতুন বোর্ড-এর কার্যকাল চারবছর অতিক্রান্ত হতে চললো। এই স্বল্প সময়ের মধ্যে নাগরিক পরিষেবাকে আরও উন্নত করতে পৌর বোর্ড পেরেছে কতটা? এই বিষয় নিয়ে আলোকপাত করা হয়েছে একটি লেখায়।

বিগত বেশ কয়েকটি সংখ্যায় 'কলকাতার প্রতিবেশী' বিষয়ক লেখা প্রকাশিত হয়েছে। এবারের সংখ্যায় লেখার বিষয় কলকাতার শিখ।

কলকাতায় ম্যালেরিয়া নতুন নয়। তিনশো বছরের কলকাতায় কীভাবে জ্বর আসতো এবং তার চিকিৎসা কত—সেই নিয়ে এবারের সংখ্যায় একটি প্রতিবেদন প্রকাশিত হল।

কলকাতা পৌরসভায় নতুন বোর্ড-এর ১০০ দিন

কলকাতা পৌরসভায় তৃণমূল-বি জে পি জোট ক্ষমতা দখল করে পৌর প্রশাসনের ভার নিয়েছে গত ৮ জুলাই। দেখতে দেখতে ১০০ দিন অতিক্রান্ত হয়েছে। নাগরিক মেজাজ পরিবর্তনের পক্ষে সময়কালের হিসেবে ১০০ দিন এমন কিছু বেশি সময় নয়। নিজেদের বিভাগের প্রতিটি কাজ বুঝে নিয়ে সামগ্রিকভাবে এগুলোকে আনার লক্ষ্যে সকলেই সচেষ্ট হয়েছেন। প্রায় প্রত্যেক পরিষদই তাঁর নিজ নিজ বিভাগগুলি পরিদর্শন করে, কি ধরণের কাজ হয়, কাদের কোথায় কোথায় অসুবিধা ইত্যাদি বিষয়ে ওয়াকিবহাল হয়েছেন। ফলে এখন কাজ বিচারে নিতে অসুবিধা হচ্ছে না। পৌরসভার মূল বাজেট আয়ের সন্ধান। কিভাবে বিভিন্ন নতুন প্রকল্প রূপায়ন করা যায়, কোথায় টাকা কিভাবে আসবে তা ভাবনা-চিন্তা করে নতুন পথ খোঁজার কাজ চলছে। এই কাজে মেয়র পরিষদদের সঙ্গে নিয়মিত বৈঠক করে চলেছেন মহানাগরিক স্বয়ং। তিনি নিজেও কলকাতাবাসীর হয়েই নাগরিক পরিষেবার মূল ক্ষেত্রগুলি যথা পানীয় জল, রাস্তা, বিভিন্ন পাম্পিং স্টেশন, শ্মশানঘাটগুলি, টালির নালা, উত্তরপাড়া-কোতরং ইত্যাদি পরিদর্শন করে সরেজমিনে কাজকর্ম দেখে এসেছেন। অর্থ সংকট কাটানোর লক্ষ্যকল্পে পৌর ও নগরোন্নয়ন মন্ত্রী ও মুখ্যমন্ত্রীর সঙ্গে বৈঠক করেছেন। ইতিমধ্যেই প্রশাসনিক বিভেদরেখাগুলির ধারা অব্যাহত রাখার জন্য ১৫টি বরোর পরবর্তীতে চেয়ারম্যান নির্বাচন পর্ব সাঙ্গ হয়েছে। প্রত্যেক মাসেই নিয়মিতভাবে কলকে পৌরসভার অধিবেশন।

এখন সংক্ষেপে দেখা যাক এই শাসনে তিনমাসে কোন বন্দরে কি কি কাজ হয়েছে।

জলনিষ্কাশন ব্যবস্থা ঃ কিভাবে

গত ৩১ আগস্ট দক্ষিণ কলকাতার আদীগাঙ্গ পার্কে একটি ভূগর্ভস্থ জলাধারসহ বৃষ্টির স্টেশন নির্মাণ প্রকল্পের শিলান্যাস হয়েছে। ৪১ কোটি টাকা ব্যয়ে নির্মিত প্রকল্পটির কাজ শুরু হয়ে গেছে। কাজ শেষ হলে ৭৫, ৮৩, ৮৪ এবং ৮৭ নং ওয়ার্ডগুলির বাসিন্দারা সমস্যামুক্তি এবং ৬৮, ৬৯, ৭২, ৮৫, ৮৬, ৯৮ এবং ১০ নং ওয়ার্ডে জলনিকাশকারী এক বিরাট সংখ্যক নাগরিক পরোক্ষভাবে উপকৃত হবেন।

জল সরবরাহের ক্ষেত্রে ইতিমধ্যেই জলের মিটার বসানোর কাজ শুরু হয়েছে। প্রথমদিকে কলকাতার মিটার বড় বড় অফিসগুলিতে যেমন বেসরকারী ব্যবসায়ীদের ক্ষেত্রে বসানো হয়েছে। ইতিমধ্যেই মিটার বসানো হয়েছে কালীপুরের নাম এস্ক স্পেস-এ, ৩নং অকল্যান্ড স্কোয়ার-এ, ২৬বি, পি কে টেগোর স্ট্রিট-এ, নেতাজী সুভাষ রোডের রিজার্ভ ব্যাঙ্ক-এ, জগদীশচন্দ্র বসু রোড অবস্থিত বর্তমান পরিচালন অফিসে, শিয়ালদহে ই এস আই হাসপাতালে।

নভেম্বর মাসের ২৪ তারিখ পৌরসভার সঙ্গে ওলন্দাজ পরামর্শদাতা সংস্থা কৌণ্ডহাভে 'টেলিমেট্রি' নামক আধুনিক পদ্ধতির সাহায্যে ভূগর্ভের জলের পাইপের মজিলার মানচিত্র তৈরি করার কাজ শুরু করেছে। আগামীর প্রতিটি ছিদ্র অর্থাৎ ২০ ইঞ্চির বেশি ব্যাসার্ধের পাইপলাইন পরীক্ষা করা হবে। এই কাজ হবে পৌরসভার ১ থেকে ১০০ নম্বর ওয়ার্ডে।

১০১ থেকে ১৪১ নম্বর ওয়ার্ডের জন্য একই ধরনের মানচিত্র তৈরি করার জন্য জার্মান গবেষকদের একটি পরামর্শদাতা সংস্থার সঙ্গে পৌরসভার প্রাথমিক চুক্তিও হয়েছে।

রক্ষণাবেক্ষণের অভাবে ১ থেকে ১০০ নম্বর ওয়ার্ডে ভূগর্ভস্থ পাইপের একটা বড় অংশ জীর্ণ হয়েছে। ফলে জলের কমটা জলপড় হচ্ছে যা অতিপানি

এবারের পথে চলতে অসুবিধে হবে না: মেয়র উদ্বোধনে প্রস্তুতপর্বে শীর্ষে থেকে ডান দিকে পরিবহণকর্তা প্রীতমকুমারী পুরোহিত, কবি সুভাষ মুখোপাধ্যায়, কেন্দ্রীয় মেয়রমন্ত্রী ফরহাদ হাকিম ও ধরণীধারিক সুব্রত মুখোপাধ্যায়।

নাগরিকদের কাছে পৌঁছচ্ছে তা এই ফরাসি প্রকল্পের মাধ্যমে জানা যাবে।

জঞ্জাল অপসারণ

কলকাতা পৌরসভার অন্তর্গত ১৪১টি ওয়ার্ডে জঞ্জাল অপসারণের যে পদ্ধতি চালু ছিল তাকে অব্যাহত রেখে একটি বিশেষ কর্মসূচি বাড়ি থেকে গাড়ি, গাড়ি থেকে বাগ্‌ প্রকল্পে ঢিলে ঢিলে পরিবর্তিত করার ভাবনা হয়েছে। ইতিমধ্যেই এই নতুন কর্মসূচির আওতায় যোধপুর পার্ক ও মিডি আলিপুরে বাড়ি বাড়ি গিয়ে জঞ্জাল অপসারণের কাজ শুরু হয়েছে। প্রথম পর্যায়ে ২৫টি গাড়ি কাজ শুরু করেছে। পরে এই সংখ্যা বেড়ে হবে ৪০টি। এই ধরনের প্রকল্পের সাফল্য অনেকটাই নির্ভর করছে নাগরিকদের সচেতনতা বৃদ্ধি এবং সচিবের সহযোগিতার ওপর।

কলকাতাকে পরিবেশ দূষণ এবং ধূলা দূষণের হাত থেকে মুক্ত রাখার সঙ্গে সঙ্গে জঁবসংহারের মাধ্যমে জঞ্জাল অপসারণ নিয়মিত অব্যাহত রাখার লক্ষ্যে মেয়র পরিষদ খালা হাত নিরলস প্রয়াস চালিয়ে যাচ্ছেন।

সবচেয়ে উল্লেখযোগ্য কাজ হয়েছে প্রতিদিন শহরের প্রধান প্রধান রাস্তাগুলি ধোয়ার কাজ। প্রাথমিক পর্যায়ে রানী রাসমণি রোড, চৌরঙ্গী, এস এন ব্যানার্জি রোড-সহ বিড়লা তারামণ্ডল, ভিক্টোরিয়া মেমোরিয়াল সংলগ্ন রাস্তাগুলি ধোয়া শুরু হয়েছিল। দ্বিতীয় পর্যায়ে বিধান সরণি, কলেজ স্ট্রিট, হরিশ মুখার্জি রোড, হাজরা রোড, রাজা রামমোহন সরণি, গৌরাঙ্গর স্ট্রিট প্রভৃতি রাস্তা ধোয়ার কাজ শুরু হয়েছে। মেয়র পরিষদ জানিয়েছেন, পর্যাপ্ত পরিমাণে জল না থাকায় ইচ্ছে থাকলেও একই সঙ্গে শহরের সব রাস্তা ধোয়ানোর কাজ শুরু করা যাচ্ছে না। এই জন্য ঠিক হয়েছে ধাপে ধাপে গোটা শহরেই এই কর্মসূচি শুরু করা হবে।

নিকাশী

এবারের বর্ষায় কলকাতার রাস্তায় জল জমা নিয়ে তেমন কোনও বড় অসুবিধার পড়তে হয়নি নাগরিকদের কারণ, নিকাশী বিভাগের ভারপ্রাপ্ত মেয়র পরিষদ সর্বদা এই ব্যাপারে সতর্ক ছিলেন। দায়িত্বভার গ্রহণের সঙ্গে সঙ্গেই তিনি নিকাশী ব্যবস্থাগুলি সরেজমিনে পরিদর্শন করেন এবং কর্মরত কর্মীদের উৎসাহ দেন। যুদ্ধকালীন প্রস্তুতিতে পয়ঃপ্রণালী ও গ্যালিপিটের সংযোগকারী পাইপের মাটি ও পলি পরিষ্কার করা হয়।

নতুন অনেকগুলি প্রকল্পের কাজ হাতে নেওয়া হয়েছে। এর মধ্যে আছে সাদার্ন এভিনিউ-এর সাউথ এন্ড পার্ক থেকে শ্যামাপ্রসাদ মুখার্জি রোড সংলগ্ন বিস্তীর্ণ এলাকা ও তৎসহ রবীন্দ্র সরোবরের জমা জল সমস্যার সমাধানে সাদার্ন এভিনিউ পাম্পিং স্টেশন।

মন্ত্রী বিকাশ অ্যালার্জিক ম্যালেরিয়া সম্বন্ধে একটিকরণের প্রস্তাব করার অনুষ্ঠানে উপস্থিত মেয়র [illegible] মেয়র পারিষদ অমূল্য মুখোপাধ্যায়, মহানাগরিক সুব্রত মুখোপাধ্যায়, ঔষধনাগরিক ঈশ্বরদাসী মুখোপাধ্যায় ও মেয়র পারিষদ [illegible]

মল্লিকতলা ও উল্টোডাঙ্গা পাম্পিং স্টেশনগুলিতে পরিবর্তন ও পরিবর্ধন করা হয়েছে। কেনার ব্যবস্থা নেওয়া হয়েছে কয়েকটি আধুনিক পলি অপসারণের যন্ত্র।

রাজ্য বিধানসভার পৌরসভার বিষয় কমিটির সদস্যেরা ইতিমধ্যেই নালা খালগুলি পরিদর্শন করে এসেছেন। রাজ্য সরকারের সেচ দপ্তরের সঙ্গে যোগাযোগ রক্ষা করে খালগুলি সংস্কারের চেষ্টা অব্যাহত রয়েছে।

শিক্ষা ও তথ্য জনসংযোগ

শিক্ষা, তথ্য ও জনসংযোগ বিভাগের ভারপ্রাপ্ত মেয়র পারিষদ মইনুল হক চৌধুরী কাজের দায়িত্ব নেবার সঙ্গে সঙ্গে প্রথম যে কাজটি করেছেন তা হল, ৩০৮টি প্রাথমিক বিদ্যালয়ের প্রত্যেকটি পরিদর্শন করা, সেখানকার ছাত্র-ছাত্রী, শিক্ষক ও অভিভাবকদের সঙ্গে সাক্ষাৎ করে অসুবিধা ও সমস্যার বিষয়গুলি সম্বন্ধে খবরাখবর নেওয়া। প্রতিটি বিদ্যালয় পরিদর্শনের সময়ে তিনি লক্ষ্য রাখছেন আসবাবপত্র ঠিক আছে কিনা, বিদ্যুৎ ব্যবস্থা আছে কিনা, পানীয় জলের সংস্থান যেমন ইত্যাদি বিষয়। ইতিমধ্যে তিনি আরও একটি কাজ করেছেন যা বিশেষ উল্লেখযোগ্য তা হল, ৩০৮টি প্রাথমিক বিদ্যালয়ে বাংলা, হিন্দি ও উর্দু প্রধান শিক্ষকদের সঙ্গে কাউন্সিল কক্ষে মিলিত হয়ে সকলের সঙ্গে তাঁর বিনিময় করেছেন।

দেশবন্ধু চিত্তরঞ্জন দাসের সময় থেকে কলকাতা পৌরসভা অবৈতনিক প্রাথমিক শিক্ষার ভার নিয়েছিল। নতুন মেয়র পারিষদ একটি বিদ্যালয়ে অষ্টম শ্রেণী পর্যন্ত পড়ানোর ব্যবস্থা নিয়েছেন। পুনরায় প্রত্যেক বিদ্যালয়ে পাল-তোলা প্রথা চালু করার কথা ভাবা হচ্ছে, পৌরসভার অতিরিক্ত স্থানাভাব না থাকায় বিভিন্ন এন জি ও স্বনামধন্যদের মাধ্যমে ছাত্র। ছাত্রীদের ইউনিফর্ম ও জুতা পায়ে দেওয়ার চেষ্টা হচ্ছে। এটি নিঃসন্দেহে যুগান্তকারী পদক্ষেপ। তাঁর অধীন তথ্য ও জনসংযোগ বিভাগ পৌরসভার নিয়মিত স্তরে অনুষ্ঠান, স্বাধীনতা দিবসের অনুষ্ঠানগুলি সুসম্পন্ন করেছে। নতুন হিসেবে কথা সাহিত্যিক শরৎচন্দ্রের প্রায় ১২৫তম জন্মদিবস ও বিজয়া সম্মিলনী অনুষ্ঠিত হয়েছে। দুটি অনুষ্ঠানই অভিনবত্বের দাবি রাখে। পুরস্কৃত পত্রিকাও নিয়মিত প্রকাশিত হয়ে চলেছে।

মেয়র পারিষদ অতি সম্প্রতি দিল্লিতে কেন্দ্রিয় মানব উন্নয়ন মন্ত্রী মুরলীমনোহর যোশীর সঙ্গে সাক্ষাৎ করে পৌরসভার শিক্ষা ব্যবস্থার উন্নতিকল্পে ১০ কোটি ২০ লক্ষ টাকা অনুদানের দাবিপত্র পেশ করেছেন।

স্বাস্থ্য বিভাগ

স্বাস্থ্য বিভাগের দায়িত্ব নেবার অল্প সময়ের মধ্যেই মেয়র পারিষদ জগতের খান ম্যালেরিয়া নিয়ে একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করেছেন। এই কমিটি নিয়মিত

পৌরসভাকে ম্যালেরিয়া প্রতিরোধের পরামর্শ দিয়ে আসছে। স্বাস্থ্য বিভাগ জরুরি ভিত্তিতে ম্যালেরিয়ার বিরুদ্ধে সাধারণ মানুষের সহযোগিতা করার জন্য সমীক্ষা প্রচারও করে আসছে। এ বিষয়ে বিভিন্ন প্রেক্ষাগৃহে 'স্লাইড' প্রদর্শন করা হচ্ছে। ৩টি গাড়ি টহল কলকাতার শ্যামবাজার থেকে দক্ষিণে গোলপার্ক পর্যন্ত ৭৩টি মেটেরুসটিভেটরের একটি প্রচার বিভিন্ন পথ পরিক্রমা করবে। তাদের সঙ্গে থাকবে মাননীয় মেয়র, মিনিমেয়র ইত্যাদি।

সিদ্ধান্ত নেওয়া হচ্ছে কলকাতা পৌরসভায় এলাকাভুক্ত ১৪১টি ওয়ার্ডের প্রত্যেকটিতে অন্তত একটি করে রক্ত পরীক্ষার কেন্দ্র খোলার, যাতে মানুষ সহজে রক্ত পরীক্ষা করে জানতে পারবেন ম্যালেরিয়া আক্রান্ত কিনা। লায়ন্স ক্লাবের সঙ্গে যৌথ উদ্যোগে প্রচারমূলক ডিসিপ্লেসন করা হবার ওক করেছে। এগুলির মধ্যে ম্যালেরিয়া রোগীর রক্ত পরীক্ষারও ব্যবস্থা রয়েছে।

ম্যালেরিয়া প্রতিরোধে জঞ্জাল নিষ্কাশনের সঙ্গে সম্বয়সাধনের বিভিন্ন ব্যবস্থাগুলি ইতিমধ্যেই সপ্তাহে অভিযান চালানো হচ্ছে। বড় বড় পুষ্করিণী বা জলাশয় থেকে কচুরিপানা নির্মূল করার অভিযান চালানো হচ্ছে।

পৌরসভার বীতির অধিক অঞ্চলের মধ্যে একটা কথা বলা হচ্ছে ম্যালেরিয়া প্রতিরোধে জনগণকে সঙ্গে নিয়ে আধুনিক চিকিৎসার সুযোগসন্ধানের।

স্বাস্থ্য দপ্তরে শোনা জেলার বা অন্যান্যদের বিশ্বাসযোগ্যতার জন্য লোকজনের সংখ্যা বেশি না থাকা সত্ত্বেও মহল্লার ক্লাব ঐতুলির অভিনন্দনের জন্য সেখানে প্রতিদিন যেন কিছু সংখ্যক মানুষ পাখায়-পাখায় করেন একটি আবেদনপত্রি প্রকাশ করেছেন। এই ১৩ জন আবেদনকারীর পালিত হলে স্বাস্থ্যদপ্তর থেকে পাখার ব্যবস্থা নিশ্চিত হবে। আগামী কয়েক মাস জলকলাবাসীর কাছে মাসে ম্যালেরিয়া কেলেঙ্কারির আবহাওয়া না হয় সেই দিকে দৃষ্টি দিয়ে বর্তমানে স্বাস্থ্য বিভাগ খুবোমাত্রে ম্যালেরিয়া প্রতিরোধ অভিযানে সর্বশক্তি নিয়োজিত করেছে।

পার্কস অ্যান্ড গার্ডেনস

পার্কস অ্যান্ড গার্ডেনস বিভাগের অধিকর্তা দায়ার পর মেয়র পরিষদ প্রস্তাবগুলি ওপ্ত পার্কগুলির বর্তমান অবস্থা সরেজমিনে পরীক্ষা করার জন্য অনেকগুলি পার্ক পরিদর্শন করেছেন। ইতিমধ্যেই তিনি বিভিন্ন পার্কগুলি রক্ষণাবেক্ষণের দায়িত্ব বিভিন্ন সামাজিক সংস্থার হাতে তুলে দেবার ব্যাপারে তৎপরতা শুরু করেছেন।

বর্তমানে অনেকগুলি পার্কে সন্ধ্যার সময়ে অসামাজিক কার্যকলাপ হয় এবং বেআইনীভাবে দখল নেওয়া আছে এগুলির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে। বাজেটে সংস্থান বেশি না থাকায় মেয়র পরিষদ ইতিমধ্যেই কেন্দ্রীয় মন্ত্রীসভা টি এন শেষনের সঙ্গে দেখা করে আগামী পাঁচ বছরের জন্য ৫০ কোটি টাকা অনুদানের দাবিনামা পেশ করে এসেছেন।

কলকাতাসংলগ্নের সময় থেকে প্রতিটি প্রবেশপথে কিছু কিছু করে ফুল গাছ লাগানো হয়েছে।

বস্তি উন্নয়ন

বস্তি উন্নয়ন ও সাফাই বিভাগের তারপ্রাপ্ত মেয়র পরিষদ প্রবীণ ঘোষ বস্তিতে বসবাসকারী পরিবারের সংখ্যা, কর্মক্ষম নারী-পুরুষের সংখ্যা, শিশুর সংখ্যা, ভাষা, জীবিকা, শিক্ষা, ধর্ম ইত্যাদি তথ্য সম্বলিত একটি রিপোর্ট তৈরি করাচ্ছেন।

পার্টির জোন নিয়ে ভাবনা-চিন্তা করছেন কি করে পৌরসভায় আয় বৃদ্ধি হয়। নতুন নতুন রাস্তাকে পার্টির জোনের আওতায় আনার বিষয়ে ভাবনা-চিন্তা চলছে।

বস্তির পৌরোদায় ব্যবস্থার উন্নয়নে ইতিমধ্যে তিনটি সুলভ পৌরোদায় চালু করা হয়েছে। ১৪টির কাজ চলছে। নতুন ১০টির জন্য অর্থের যৌথ করা হচ্ছে।

অন্যান্য

বন্যার বিভাগ হাতে নেবার সঙ্গে সঙ্গেই মেয়র পরিষদ বাজার বিভাগের পক্ষ অধিকারিকদের সঙ্গে বিভিন্ন বৈঠকে বসছেন হাতে আর ও আরও নতুন সমস্যা আসে। ফলও বলেছে পৌরসভার বাজার বিভাগে আয় বৃদ্ধি হয়েছে।

নিউ মার্কেটে গম্বুজের কাজ শেষ হয়েছে আগামী-মেরামতি হবে। কেন্দ্র টু ফায়ারপ্রুফ দীর্ঘদিন ধরে পড়ে আছে, সেটি সংস্কার ও নতুন ভাবে সাজানো হচ্ছে। তার এই সব কাজ করবে সঙ্গে সঙ্গে বাজারে বাজার করতে আসা ক্রেতাদের জন্য ৬টি টাওয়ার শৌচালয় তৈরি হচ্ছে। শুধু তাই নয়, শ্যামবাজার মার্কেটের কাজ দীর্ঘদিন বন্ধ হয়েছিল। মেয়র পরিষদের উদ্যোগে কারিগরী সংগঠনদের সঙ্গে কথাবার্তা বলে বর্তমানে পুনর্নির্মাণের কাজ শুরু হয়েছে। ব্যবস্থা নেওয়া হয়েছে আগামী দিনে কলেজ স্ট্রিট বাজার, এন্টালী বাজার, এসপ্লেনেড বাজার ও উল্টোডাঙ্গা বাজারের এই ধরনের পুনর্নির্মাণের কাজ শুরু করার। মানিকতলা বাজারে অনেকটা কাজ হয়ে আবার পর কাজ বন্ধ হয়ে গিয়েছিল। ম্যানিং এজ ডেভেলপমেন্ট, ব্যবসায়ী সংগঠন ইত্যাদির সঙ্গে বসে কিভাবে কাজ শুরু করা যায় তার কথা তৈরি করা হচ্ছে। গড়িয়াহাট বাজারে লিফ ভেঙে যাওয়া বসবাস করছেন তাদের নোটিস দেওয়া হয়েছে। এই বাজারেও পূর্ণ উন্নয়নের কাজ শুরু হবে।

জন্মা

নতুন মেয়র পরিষদ অধিষ্ঠিত গেয়েই নির্দেশ দিয়েছেন রাস্তার খানা-খন্দ ভরাট করার। এর সঙ্গে পূজার সময়ে বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছিল কলকাতার মেন কিছু গুরুত্বপূর্ণ রাস্তা মেরামতির। দুর্গাপূজা ও কালীপূজা-র সময়ে বিভিন্ন পাড়াগুলোর সামনে রাস্তাগুলি সারানো ইত্যাদি কাজ পৌরসভার নিজস্ব

মুখ্যত পৌরসভার টিকাকরণ অনুষ্ঠানে মেয়র পরিষদ প্রবীণ মেয়র ও চেয়ারম্যান মেয়র।

শোকজ্ঞাপন ও বাইরের কন্ট্রাক্টরের মাধ্যমে সুন্দর ভাবে করা হয়েছে। নতুন বোর্ড ক্ষমতায় আসার পরে বেহালা, বালবপুর, গার্ডেনরিচ এলাকায় কন্ট্রাক্টরের মাধ্যমে রাস্তা-ঘাটের প্রচুর কাজ হয়েছে। এই বিভাগের তরফে অতি শীঘ্রই সাড়ে ২২ লক্ষ টাকা দিয়ে একটি নতুন পে-লোডার কেনা হচ্ছে। বিভাগের তরফ থেকে সর্বদাই চেষ্টা হচ্ছে কিভাবে রাস্তার গুণাগুন বজায় রেখে দ্রুত ভাল মেরামতি করা যায়।

নতুন বোর্ডের পক্ষে ১০০ দিন বা সাড়ে তিন মাস সময় এমন কিছু বেশি সময় নয়। তারই মধ্যে বেশ অনেকটি উল্লেখযোগ্য কাজ হয়েছে। তারমধ্যের সমস্ত পৌরসভার মধ্যে কলকাতার সর্বপ্রথম নিজস্ব ওয়েবসাইট চালু হয়েছে। পৌর প্রতিনিধিদের প্রশিক্ষণের কর্মশালা শুরু হয়েছে। সমস্ত কাজেই মহানাগরিক জনগণের সহযোগিতা চেয়েছেন। নাগরিকদের সক্রিয় অংশগ্রহণ ছাড়া কোনও প্রকল্পই সাফল্য লাভ করতে পারে না।

বিল্ডিং ও লাইসেন্স

নতুন বোর্ড-এর বিল্ডিং দপ্তরের ভারপ্রাপ্ত মেয়র পরিষদ প্রথম থেকেই চেষ্টা করছেন কীভাবে সাধারণ মানুষদের অহেতুক হয়রানির হাত থেকে মুক্তি দেওয়া যায়। ঠিক হয়েছে, বাড়ি তৈরির ক্ষেত্রে ছাড়ের প্রশ্নে দরদ মনোভাব নেওয়া হবে কম জমির মালিকদের ক্ষেত্রে। সর্বোপরি দপ্তরকে ঢেলে সাজানোর পরিকল্পনা নেওয়া হয়েছে। অনলাইনে দপ্তরের সঙ্গে যৌথ উদ্যোগে গড়ে তোলা হচ্ছে নতুন 'ডিমোলিশন স্কোয়াড'।

লাইসেন্স সংক্রান্ত আইন-কানুনেরও সরলীকরণ করার চেষ্টা চলছে। বিনা লাইসেন্সে শহরে আউকে ব্যবসা চালাতে দেওয়া হবে না। অতি শীঘ্র পৌর এলাকার ৫৭ নম্বর ওয়ার্ডের টিটাগড়ের মাছ বাজারে ৪০ জন ব্যবসায়ীকে কম্পিউটারাইজড লাইসেন্স দেওয়া হবে। শীঘ্রই ৬১ নম্বর ওয়ার্ডের ফুলিরাম মার্কেটেও এই ধরনের লাইসেন্স দেওয়া হবে। ভাবনা চলছে মল্লিকঘাটে ফুল বিক্রেতাদেরও লাইসেন্স দেওয়া। সমস্ত মিলে লাইসেন্স বিভাগে চেষ্টা চলছে কীভাবে উপায় বাড়ানো যায়।

ভারতপন্থী শিখদের কলকাতা আগমন ও স্থিতিলাভ

পীযূষকান্তি রায়

এক

বিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির বাণিজ্যিক স্বার্থের তাগিদে কলিকাতা, সুতানুটি ও গোবিন্দপুর প্রায় তিনখানি গ্রামে বসবেরা শহরের মধ্যে দিয়ে ধীরে ধীরে একটি আধুনিক নগরী কলকাতার মর্যাদা পেল। তা ছাড়া ইংরাজদের বাজনীতির প্রাধান্যেরপ্রশ্নে সংস্থাপিত হল ইংরেজের সাম্রাজ্য প্রতিষ্ঠার ভিত্তি। তাই স্বাভাবিক ভাবেই বিদেশিদের সঙ্গে ভারতবর্ষের নানা প্রান্তের মানুষও এ মফস্বলটিতে এসে বসতি গড়তে শুরু করল।

উনিশ শতকে আর অধিকারে আসার পেছে দিল্লিকলে পরে বঙ্গদেশে আগমন ঘটেছিল আর সরাসরি এবং ক্রমে সমগ্র ব্রিটিশভারতই আর সরকারের পরিবেষ্টনীতে হিন্দুস্থানের এক বৃহত্তর গোষ্ঠীরূপে চিহ্নিত হল। ভূমির অর্থে সন্ধানরা অনেকেই প্রকৃতির প্রেরণে পাহাড়ি বনাঞ্চলে আবার নিজ ভাবের স্বাস্থ্য বজায় রাখার জন্য। হিন্দুধর্মের নানা তীর্থ ও মাহাত্ম্য ছড়িয়ে আছে ভারত উপমহাদেশের নানা জায়গায়। তাছাড়া জ্ঞানচর্চার পীঠস্থানরূপেও প্রতিষ্ঠা পেয়েছিল বারাণসীর মতো কিছু এ ভারতবর্ষের নানা প্রাচীন শহর। তাই ভারতবর্ষের অন্যান্যদের তীর্থসাধনা ও জ্ঞানপিপাসা নিবারণের জন্য ভারতীয়রা প্রাচীনকাল থেকেই বিপদসংকুল স্থল ও জলপথে নানা প্রান্তে যাতায়াতের সূচনা করেছিল। এমনই ধারাতে নিশ্চয়ই পাঞ্জাবের সঙ্গে বঙ্গ প্রাচীনকালেই বঙ্গদেশেরও একটা সম্পর্ক স্থাপিত হয়েছিল যা নিম্নোদ্ধৃত তথ্য জানা যায়।

আমাদের প্রধান আধুনিক নগরী কলকাতায় পাঞ্জাবের শিখ ধর্মাবলম্বীদের আগমন ও বসবাস বিষয়ে। অন্যদের মতো ভারতীয়দের আগমন ঘটেছে আধুনিক কালেরই, তাদের মধ্যে পাঞ্জাবের শিখধর্মাবলম্বীদের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। তারা এ নগরীর সঙ্গে সম্পৃক্ত হয়ে স্থানীয় মানুষের সুখদুঃখের অংশীদার হয়ে এসেছেন দীর্ঘকাল ধরে। তাদের সংস্কৃতির বৈশিষ্ট্য, আচারব্যবহারের ইতিবাচক, ধর্মীয় উদারতা ও নম্র ভাবনা সকলকে এক অনাস্বাদিত স্বভাব চিরদিন কলকাতাবাসীদের আকর্ষণ করে এসেছে। বীণাপাণী ভাবনায় অনন্যসাধারণ শিল্প নিজ মুখে আপন স্বার্থসিদ্ধির জন্য কলকাতাকে শুধুই ব্যবহার করেছে এক মুক্ত প্রাঙ্গণ হিসেবে।

দুই

পাঞ্জাব থেকে কলকাতায় শিখদের উপনিবেশ প্রথম কে কখন করে এসেছিলেন তা এক কৌতূহলজনক অনুসন্ধানের বিষয়। এ প্রসঙ্গটির সঙ্গে জড়িত প্রাচীন কলকাতার শিবমন্দির ভিত্তিক অনেকেরই আগ্রহ ঐতিহাসিকদের প্রতিদিনে। কলকাতা নগরীর প্রতিষ্ঠাতা হিসেবে আমরা জোব চার্নকের নাম জেনে থাকি। ১৬৯০ সালের ২৪ আগস্ট সুতানুটি গ্রামে এসে তৃতীয় ও শেষবারের মতো জোব চার্নক নেমেছিলেন। ঐ সময় পরপরপরি তিনখানি গ্রাম ছিল তিহি কলকাতা, সুতানুটি ও গোবিন্দপুর। ১৬৯৮ সালে সবর্ণ চৌধুরীদের কাছ থেকে ইস্ট ইন্ডিয়া কোম্পানি এই গ্রাম তিনটির স্বত্ব কিনেছিল। এ গ্রাম তিনটির সীমা ছিল মোটামুটি : গোবিন্দপুর—বর্তমানের এসপ্লানেড থেকে এসপ্লানেড, কলকাতা—এসপ্লানেড থেকে বড়বাজার পর্যন্ত, সুতানুটি—বড়বাজার থেকে বাগবাজার পর্যন্ত। কলকাতা গ্রামের পরিসীমা সম্বন্ধে আরও বলা হয় যে তা এসপ্লানেড থেকে পুরনো টাকশালের উপর দিয়ে পর্যন্ত বিস্তৃত ছিল। অর্থাৎ তাহলেও বড়বাজারও তার অন্তর্গত ছিল। কলকাতার প্রাচীনত্ব নিয়ে অনেক তর্কবিতর্ক হয়েছে পণ্ডিতদের মধ্যে। তবে নিঃসন্দিগ্ধ তথ্যটি হল পঞ্চদশ শতাব্দীর শেষপাদেও কলকাতা গ্রামের অবস্থান ছিল এবং গঙ্গাবক্ষে সুতানুটি ও গোবিন্দপুর অপেক্ষা এ গ্রামের প্রতিপত্তি ছিল অধিক। জোব চার্নক সুতানুটি পরিদর্শন করেছিলেন কিন্তু কিয়ৎকাল পরে কোম্পানির কার্যকর্ম পরিচালিত হত কলকাতার নামে। তার প্রধেও বড় কথা এ নগরীর পত্তন হল, তার নামকরণও হল কলকাতা। তা সুতানুটি বা গোবিন্দপুর হলো না কেন ? এ সবের উত্তরে সন্ধানরা বলা যেতে পারে নিশ্চয়ই কলকাতার খ্যাতি ছিল সুদূর প্রসারিত। তাই প্রবক্তা কালে শিবধর্মের প্রবর্তক গুরু নানকদেব তাঁর পুরী প্রবন্ধের নথে ১৫১০ খ্রিস্টাব্দে গঙ্গাতীরবর্তী কলকাতা গ্রামেই অবতরণ করে সেখানে কিছুদিন অবস্থানও করেছিলেন তাঁর আধ্যাত্মিক বিষয়ে স্থানীয় মানুষদের সঙ্গে আলোচনার জন্য। এমন আলোচনাকে কেন্দ্র করে নানক বা তাঁর শিষ্যদের কোনো স্মৃতি রক্ষার ব্যবস্থা থেকে গড়ে উঠেছে আজকের কলকাতার ঐতিহ্যমণ্ডিত গুরুদ্বার বড়া শিখ সঙ্গত। মহাত্মা গান্ধী রোডের উপর অতি মর্যাদাপূর্ণ এ সুন্দর গুরুদ্বারটির প্রবেশ পথে প্রস্তরলিপি তার অতীত গৌরবময় ইতিহাসের সাক্ষ্য বহন করছে সে ইতিহাসে। গুরু নানকের পদধূলি ধন্য এ গুরুদ্বারটি শিখ সম্প্রদায়ের নিকট এক তীর্থ বিশেষ। নবম গুরু তেগ বাহাদুরও এ তীর্থ দর্শন করেছিলেন তাঁর আসাম যাত্রার সময় ১৬৬৫ খ্রিস্টাব্দে। আধুনিক কলকাতার গড়ে ওঠার ইতিহাসে অনেক বিশিষ্টজন মানুষের। কিন্তু

ভারতীয় জনজীবনের ওপর নানকপন্থের গভীর প্রভাব—এসবকিছুকে মনে রেখেছে এক ঐতিহাসিক সত্য।

তিন

জনকবিরের শিখ সম্প্রদায় সম্বন্ধে কিছু বলার পূর্বে তাদের ধর্মীয় জীবনধারা বৈশিষ্ট্য সম্বন্ধেও কিছিৎ আলোচনা করা যেতে পারে। তারা অন্যদের নিকট প্রতিবেশী। অথচ তাদেরকে সাধারণে অন্যান্যে জানার জন্যই সাধারণভাবে আগ্রহের কম। তাই পরের পাশে যে পাড়শি বাস করে তার খবর জানবার বড় একটা গরজ নাই, যাচার চেষ্টাও করি না। এ অনীহাই বিশ্বের ভ্রান্ত অজ্ঞানতার উৎস।

শিখ শব্দটির প্রচলিত ব্যাখ্যা সংস্কৃত শব্দ শিষ্যের সমার্থবোধক। বাস্তবিকপক্ষে এ শব্দটির উৎস পালি ভাষা ভাষী বুদ্ধদেবের ধর্মপদে বর্ণিত—ব্রাহ্মণীয় অর্থাৎ শিখ ভাবনার ঈশ্বর ধর্মেরীত, ঈশ্বরের আসন। সদৃশ শুরু গোবিন্দ সিং, এ প্রচলিতধারীর নাম নিলেন 'খালসা' যা এরই সমার্থবোধক। তা গ্রহণ করা হয়েছিল সংস্কৃত শব্দ থেকে... the Pannian term khas comes from King's own (lands.) একজন শিখ হলেন 'জনবুদ্ধ' যার জীবন শুরুর প্রতি নিবদ্ধ। শিখধর্ম একেশ্বরবাদী, একমাত্র সর্বশক্তিমান ঈশ্বরে বিশ্বাসী। তিনি সবের শাষিশাল নিখিল মানুষকে সৃষ্টি করেন না, নিখিল বিশ্বে তাঁর অসীম লক্ষ্যপূরণ করার পর পুনরায় উৎসের সঙ্গে মিলন হওয়ার জন্য মানুষের সৃষ্টি। তাই এ বিশ্ব "একনার সত্য পুরুষের" নিজেকে জানার কারণে পবিত্র। তিনি শুধু সৃষ্টিকর্তাই নন, তিনি আবার অতীন্দ্রিকর্তা, তাঁর মহেন্দ্র মূল্য ও বিচারবোধ, তিনি অকালমূর্ত ও নিরাকারাকার, তিনি প্রেমী এবং তাঁর সৃষ্টিকে উজ্জীবিত অনিবার্য করে তার যেমন, ক্ষয় ও দুঃখ থেকে তাকে মুক্ত করেন। তিনি সর্বজ্ঞানী, তাই তাঁকে প্রার্থনা করা অসম্ভব। তাঁর বর্ণনা করতে গিয়ে গুরু নানকদেব বলেছেন

> আমার বন্ধু ও প্রিয়তমের কথা বলুন,
> আমি খুব ভালভাবেই পরখ করে দেখেছি,
> তাঁর বর্ণন কখনোই অতীতিকর নয়।

তাঁর দর্শনে মুহূর্তে মানুষ নেতিয়ে হয়ে নিজেকে হারিয়ে ফেলে বিস্ময়বোধে। তাই শিখ পরিভাষায় তিনি হলেন "ভাহে গুরু" অর্থাৎ "বিস্ময়ের পরমগুরু"। গুরু নানকদেবের বিশ্বাসে 'গুরু' নিশ্চিত একজন 'গুরুমুখের' চরিত্রের আকাঙ্ক্ষিত বৈশিষ্ট্য হল (১) সন্তোষ, (২) ঈশ্বর চিন্তনে হৃদয় সমর্পণ, (৩) ধ্যান, (৪) স্নান, (৫) মধুর বচন, (৬) সরলভাবে জীবন নির্বাহ, (৭) পবিত্রতের মাধ্যমে জীবিকা অর্জন, (৮) অন্যদেরকে বিলাসন, (৯) গুরুর জ্যোতিকে অনুভব করা, (১০) এক ঈশ্বরের চিন্তন ও পবিত্র গুরুর বাণী গাওয়া, (১১) বিনম্রী হওয়া, (১২) সুখ ও দুঃখকে সমভাবে গ্রহণ করা, (১৩) কথা গ্রহণে ও স্নান, আহারের প্রতিকারে সংযত হওয়া, (১৪) ভোগ, লোভ ও প্রতিত আবেগ সংযমন এবং (১৫) পরিবার ও সমাজের অভিযুক্ত না করা।

সামাজিক আচার বিষয়ে গুরু নানকদেবের তিনটি নির্দেশ শিখদের অতি মনোগ্রাহ্যপূর্ণ। তা হল (১) আত্মিক শিক্ষিলনের জন্য আধ্যাত্মিক অনুশীলন, (২) তিনি সম্পূর্ণভাবে সমস্ত মানুষের সমান বিশ্বাস করতেন। লিঙ্গ বর্ণভেদ তাঁর নিকট ছিল অর্থহীন। ব্রাহ্মণ তথা অন্যান্যদের উচ্চবর্ণের মানুষদের ভন্ডামির উপাসন অবিরত বিরোধ করেছেন তিনি। (৩) কারো ইশ্বাস বিরুদ্ধে যৌথার পালনের বিধিকে জোর করে চাপিয়ে দেওয়ার বিরোধিতা করেছেন তিনি। গুরু নানক নিজেও বিবাহিত ছিলেন এবং তাঁর দুই পুত্র সন্তান ছিল। এক পরিব্রাজক তাঁদের একবার তাঁকে উপহাস করে বলেছিলেন বিবাহিত হওয়ার কারণে তাঁর পক্ষে ঈশ্বর সেবায় সার্বিকভাবে আত্মনিয়োগ করা সম্ভব নয়। তাৎক্ষণিক উত্তরে গুরু নানক বলেছিলেন—জীবনে পবিত্রতা নীড় হল স্ত্রী, পুত্র হল তাদের জীবনের বিকাশ আর নিরাপদের জন্য আবেগিক প্রয়োজন (আকিয়াং-আমন, পুত্রে-নিশান, যৌনত-গুরুজন)।

ধর্মপ্রাণ ঈশ্বরপ্রেমী ভারতীয় মহাপুরুষদের মধ্যে গুরু নানকদেবের এক বিশেষ স্থান তাঁর মানব প্রেম ও সমাজতান্ত্রিক ভাবনে। জীবনের শুরুতেই তাঁর কাছে উদ্ভাসিত হয়েছিল—এখানে কেউ হিন্দু নেই, নেই কেউ মুসলমান। এখানে আছে শুধু মানুষ—হিন্দু ও মুসলমান শুধু নাম যা মহান মানবজাতির সম্প্রদায়ের নিয়ন্ত্রিতকার।

গুরুগ্রন্থ সাহিব নিশ্চয়ই পবিত্রতম গ্রন্থ তার নিত্যপূজা হয় গুরুদ্বারে যা তাদের ধর্মীয় অনুষ্ঠানে—তা ছাড়াই তোর তা পারলৌকিক প্রার্থনা অনুষ্ঠান হোক। গুরুগ্রন্থ পাঠ আনন্দিক তাদের ধর্মকৃত্য। শিখের গুরু অর্জুনদেবের তাঁর সংকলন করেছিলেন ১৬০৪ খ্রিস্টাব্দে। তাঁর সম্পাদনও ইতিহাসখ্যাতি ছিল তাঁর পূর্বসূরি গুরুজন গুরুর বাণী তা হৃদয়ঙ্গমে সংকলন করেছিলেন দ্বিতীয় ও তৃতীয় গুরু। তৃতীয় গুরু অমরদাস হিন্দুভক্ত ও সুফি মুসলমান মহাত্মা ধরহোলদের যত প্রচলিত ত্রিয় বাণীসমূহও সংকলনে স্থান দেন। তা হস্তলিখিত অবস্থায় দুই ভাগে পাণ্ডুলিপিতে ছিল গুরু অমরদাসের পুত্র বাবা মোহনের হেফাজতে। বহু অনুনয় বিনয়ের পর গুরু অর্জুনদেব তা বাবা মোহনের কাছ থেকে সংগ্রহ করতে সক্ষম হন। অন্যান্য সূত্র থেকেও সংগ্রহ করা হয় গুরুবাণী। সমস্ত বাণী ও বক্তব্যসমূহ একত্রিত করে তার যথার্থতা ও যৌক্তিকতা বিষয়ে গভীর অধ্যয়নের পর গুরু অর্জুনদেবের তত্ত্বাবধানে সঠিকভাবে যৌথিক বাণীগুলোর পাণ্ডুলিপি প্রস্তুত করেন শিখ গুরুদের এক মহান শিষ্য ভাই ভানদাস। দশম গুরু গোবিন্দ সিং এ গ্রন্থে তাঁর পিতা নবম গুরু তেগবাহাদুরের কিছু বাণী যুক্ত করে এ মহান গ্রন্থের সমাপ্তি ঘোষণা করেন। এ গ্রন্থ যৌক্তিকতার দিকদিয়ে নিয়ে সম্পূর্ণ প্রকরণে আকর্ষক হলে আসলে যা হল Only

scripture of the world which was compiled by one of the founders of religion himself and whose authenticity has never been questioned.

গুরুগ্রন্থ সাহিবের সংকলন ও বিন্যাস বিশ্বমানিত্য নয়, তা ভজন হিসেবে গাইবার জন্য রাগভিত্তিক বাদ্য সংখ্যা একত্রিশ। এ রাগগুলো হল শ্রী, মাঝ, গৌড়ী, আসা, গুজরী ইত্যাদি পাত, পবিত্র ও গাম্ভীর্যপূর্ণ ভাবনার সমন্বয়ে। গুরুরা উচ্চারণের অনিশ্চয়তা ও অস্পষ্টতা যেনভাবে দূর করেছেন এ সংকলনে।

ধর্মগুরুদের ভক্তি আন্দোলনে ঈশ্বর অন্বেষণের মাধ্যমরূপে ভক্তিসঙ্গীত ছিল এক জনপ্রিয় মাধ্যম। তা ভারতীয় সংস্কৃতির অবিচ্ছেদ্য এক উজ্জ্বলতার সৃষ্টিসম্ভার। সৃষ্টি ভাবনাতেও গান এক অনন্য অন্বেষণের পরম্পরা। শ্রীগুরু নানকদেবও তাঁর অনেক ঈশ্বর ভাবনাকে ব্যক্ত করেছেন গানের মাধ্যমে।

"গান নিয়ে যে তোমার খুশি
রহিত মনে

ত্রিলোচন যেন শ্রীনানকের রচিত সুরের উচ্চনাদ এমন নয়নের সুরেই রচিত হয়েছিল। তা পরিষ্কারভাবে অর্জন করেছিল তাঁর পূর্ণদৃষ্টি এবং তজনের সুরলহরিতে। গুরু নানক তাঁর ঈশ্বরচেতনার অনেক গান অনন্যসাধারণের মধ্যে প্রচার করেছেন সুরের মাধ্যমে। তাঁর সহযোগী ছিলেন মরদন। বাদ্যযন্ত্রী মরদানা ছিলেন মুসলমান যাঁর বাবা ছিলেন ভাই। গুরু অর্জুনদেবের একজন শিষ্যের কন্যা ও অনুলিপিকী ছিলেন। গুরুগ্রন্থের সমস্ত ভাবনাই কবিতা ও সুরের মেলবন্ধনে গ্রথিত। তাই সুরের এ ধারা শিখ সংস্কৃতির এক অবিচ্ছেদ্য অঙ্গ। গুরু, সাধু ও ভক্তদের কেমনও বাণী নেই এ গ্রন্থে। তাঁরা কেমনও বাণী জমা করেননি বলে ধারণা। গুরু নানক থেকে শুরু করে গুরু গোবিন্দ সিং পর্যন্ত সাতজন গুরু ছাড়া যে সব হিন্দু ভক্ত ও মুসলমান ধর্মাত্মাদের বাণী এ গ্রন্থে স্থান পেয়েছে তাঁরা হলেন কবীর, রামানন্দ, রবিদাস, সুরদাস, সেইন, ধিন্না, জয়দেব, নামদেব, ত্রিলোচন, পরমানন্দ, পিপা, বেনী, বাবা ফরিদ, দাত্তা, বলওয়ান্দ ও মরদানা।

এ গ্রন্থে আরও একটা বিষয় বিশেষভাবে লক্ষণীয়। এ গ্রন্থে সংকলিত হিন্দুভক্তদের বাণীর রচয়িতারা প্রায় সবাই হিন্দুধর্মের তথাকথিত নিম্নবর্ণে অবস্থান করতেন। কবীর ছিলেন জোলা, নামদেব ছিলেন কাপড় রং করার শ্রমিকদের, রবি ছিলেন চামী, সদনা ছিলেন কসাই, রবিদাস ছিলেন চর্মকার, সেইন ছিলেন ক্ষৌরকার। এর ব্যাখ্যা প্রসঙ্গে বলা হয়েছে The emphasis in the growth is on the lowest becoming the highest and caste being of no consequence in the realisation of the supreme truth. গুরুগ্রন্থ সাহিবে সংকলিত ভজনের সংখ্যা পাঁচ হাজার আটশো চুয়ানব্বই। তার মধ্যে মূলো রোলটি শিখ গুরুদের বাণী—গুরু নানকের বাণীর সংখ্যা ৯১৯। গুরু অঙ্গদের বাণীর সংখ্যা ৬৩, গুরু অমরদাসের ২৩৫, গুরু রামদাসের বাণীর সংখ্যা ৬৭৩, গুরু অর্জুনদেবজীর বাণীর সংখ্যা ২১৮ এবং গুরু গোবিন্দ সিংহের বাণীর সংখ্যা ১। বাকি বাণীসমূহ হিন্দুভক্ত ও মুসলমান সাধুসন্তদের। তাঁদের মধ্যে ভক্ত কবীরের বাণীর সংখ্যা সর্বাধিক। এ মহান গ্রন্থে সংকলিত বাণীগুলির ভাষার বৈচিত্র্যও The GRANTH upholds the creed of synthesis as against exclusiveness of form, symbols and ideas. গুরুমুখী এবং গুরুমুখী লিপিতে তাঁদের বাণী আরও দুখানি খণ্ডে ধর্মগ্রন্থ।

গুরু নানকদের বর্তমানে পাকিস্তান অন্তর্গত লাহোরের পশ্চিমাঞ্চলে তালবন্দি নামে এক জায়গায় প্রায় ১৪ এপ্রিল, ১৪৬৯

সাথে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম কালুচেরী। তাঁর মাতা ছিলেন দেবী ঝাড়ী। দ্বিতীয় ও পাঞ্জাবি ভাষায় তিনি সৈয়দের সম্পূর্ণ ও সঠিক ভাষা আয়ত্তে রাখেন। সরকারি হিসাবপত্রে তাঁর তেমন মন না থাকায় পিতা তাঁকে ঘোড়াব্যবসায় বা গোয়ারপনে কর্মে নিযুক্ত করাতে চান। পিতার একান্ত ইচ্ছা এ সন্তানটি যা পালন করতে পিতৃব্য সর্বদা পরমেশ্বরের চিন্তনে নিমগ্ন থাকতেন। তেউ তাঁকে নাম জিজ্ঞেস করলে তিনি বলতেন তাঁর নাম নানক নিরঞ্জনী—অর্থাৎ, সর্বশক্তিমান ঈশ্বরের সন্তান। হিন্দু প্রথা অনুযায়ী উপবীত গ্রহণ করতে বলায় তিনি তা করতে অস্বীকার করে বলে উঠেছিলেন "যাকি এমন উপবীত ধারণ করব যা ছিঁড়বে না, জলসিক্ত হবে না, কোনওদিন দুর্গন্ধময় হবে না বা পুড়েও যাবে না। তিনি বিবাহিত ছিলেন, তাঁদের দুটি পুত্র সন্তান ছিল। তিনি দীর্ঘকাল জিল্লা শাসক নবাব দৌলতখান লোদীর অধীনে আওয়ার রক্ষকের কাজ করেন। এ সবসময়ই তাঁর মহান উপলব্ধি ঘটে, না তিনি হিন্দু, না মুসলমান।

গুরু নানক ভারতবর্ষের হিন্দুতীর্থসমূহ বর্ণন করেন। পরিব্রাজক হিসেবে তাঁদের নানা গ্রন্থ ছড়ায় সিংহল (বর্তমান শ্রীলঙ্কা), মক্কা, মদিনা ও ইরাক পর্যন্ত পরিভ্রমণ করেন তাঁর জীবন জিজ্ঞাসার খোঁজে। আরবদের যে জায়গায় বলে তিনি শায় আবদোল নামে একজন পুণ্যাত্মার সঙ্গে আলোচনা করেছিলেন (১৫২০ খ্রি:)। সে জায়গাটি আজও বিশেষরূপে চিহ্নিত এক পবিত্র স্থানরূপে সুরক্ষিত আছে। জন্মসাখির বর্ণনা অনুযায়ী, পরিব্রাজ্য গ্রহে একবার তিনি মক্কার এক মসজিদে জায়ে মসজিদের দিকে পা রেখে ঘুমিয়ে পড়েছিলেন। মোল্লা তা দেখে ক্রুদ্ধ হয়ে তাঁকে চিৎকার করলে অবিচলিত চিত্তে নানক বলে উঠলেন, "যে দিকে ঈশ্বরের নিবাস নেই, সেদিকে আমার পা ঘুরিয়ে দেব।" মোল্লা হতচকিত হয়ে গেলেন তাঁর এমন উত্তরে। আসল, ঈশ্বর সর্বত্র বিরাজমান এই-ও তো বোঝানোই কথা, তিনি তাতে বিশ্বাসী। দীর্ঘ পরিশ্রমণের পর দেশে প্রত্যাবর্তন করলেন যখন বাবর বাদশাহ্ তৃতীয়বার পাঞ্জাব আক্রমণ করলে সেখানে হত্যাযজ্ঞ চলেছিল। এই সময় তিনি বিশ্ব ক্লেশভিত্তিমূলক মর্মস্পর্শী কবিতা রচনা করেন। যেমন—

যখন রক্তে চলেছে নরহত্যার, চারিদিকে মানুষের কান্না,
হায় ঈশ্বর, তাদের তোমার কোনও ব্যথা নেই ?
মানুষকে দিয়ে এক সিংহ ধরিয়ে পাঠালে এক পাল
আর তুমি, প্রভু, প্রতিবাদ করছ না ! —বাবর উপাখ্যান

এ সময়ে তাকে বন্দী করা হয় ও পরে ক্ষেপণীয়ের কাজে নিযুক্ত করা হয়। জন্মসাখির বর্ণনা অনুযায়ী পীরই অবশ্য তাঁকে মুক্তি দেওয়ার অনুরোধ করেছিল।

কর্তারপুরে অবস্থানের তিনি সপরিবারে স্থায়ীভাবে নিজের মনোনিবেশ ও কৃষিকাজে মন দিলেন। তাঁর অনুগামী অনেকে এখানে এসে তাঁর সঙ্গে যোগ দিলেন। তাঁদের মধ্যে ছিলেন ভাই লেহনা যিনি গুরু নানকের মৃত্যুর পর গুরু অঙ্গদ নামে দ্বিতীয় গুরু রূপে অভিষিক্ত হন। নানকদেব তাঁর দুই পুত্রকে প্রত্যাখ্যান করে তাঁর গুরুপদে নিযুক্তির সিদ্ধান্ত নিয়ে নিয়েছিলেন। গুরুপদ লাভের প্রস্তাব হয় কার্তারপুর গ্রামে। এখানেই গুরু নানকদেব শেষ নিঃশ্বাস ত্যাগ করেন ১৫৩৯ খ্রিস্টাব্দে। তাঁর মৃত্যুর পর হিন্দু-মুসলমান উভয় পক্ষের অনুগামীরাই স্ব-স্ব ধর্মে তাঁর মৃতদেহের সৎকার করতে চাইলে বিবাদ উপস্থিত হয়। জন্মসাখির বর্ণিত অনুযায়ী সিদ্ধান্ত মীমাংসার জন্য স্থির হল, উভয় পক্ষ থেকে তাঁর মৃতদেহের উপর ফুল রেখা হবে। যে পক্ষের ফুল দেখা যাবে শুকোয় তাঁরাই হবেন মৃতদেহের অধিকারী। শবের ঢাকা সরানো হলে দেখা গেল, উভয় পক্ষের রেখে ফুলই সমপরিমাণে তাজা রয়েছে, অথচ শবের ফুলে দেখা গেল শুকনো মৃতদেহের অন্তর্হিত। এবার দু-পক্ষই অর্ধেক অর্ধে চাদর ভাগ করে নিয়ে নিজ নিজ মতে তা সৎকার করল। তাঁর পূর্বপুরুষ জয়া কবীরের জীবন নিয়েও ঠিক একই কাহিনী প্রচলিত।

দ্বিতীয় গুরু গ্রন্থসাহেব গুরু অঙ্গদ (১৫০৪-১৫৫২ খ্রিস্টাব্দ)। গুরু নানক প্রবর্তিত শিখ আন্দোলনকে তিনি আরও এগিয়ে নিয়ে গেলেন অনেক দূরে। সাহিত্যিক ক্ষেত্রে গ্রন্থাগারের মূল বস্তু অক্ষোরমালার প্রতিষ্ঠার মাধ্যমে। বলা হয়ে থাকে, তিনিই পাঞ্জাবের ভাষা গুরুমুখীর লিপি প্রবর্তন করেন এবং গুরু নানকদেবের জীবনী ও শিক্ষার প্রথম গুরুমুখী ভাষায় রচনা করেন। গুরুমুখী বর্ণমালার প্রবর্তকও তিনি। তাঁর পূর্বে গুরু নানকের সংকৃত ভাষা প্রত্যাখ্যান করে লোকের অনুরোধে ভাষাই গ্রহণ করেছিলেন তাঁর উপলব্ধিকে প্রকাশের জন্য। গৌরব বৃদ্ধির তাঁর সময়ের এই সব অঞ্চলের অধ্যাত্মভাষা পালিয়েই তাঁর বাণী ও ধর্ম প্রচার করেছিলেন। নানকদেবের পূর্বপুরি কবীর বলেছেন

সংকৃত কূপ জল, কবীর ভাষা বহতা নীর

হে কবীর, সংকৃত হল কূপের জল, চলতি ভাষা হল পাহাড়ীয় জলধারা, যা নির্মল।

তিনি বিবাহিত ছিলেন। তিনিও তাঁর পূর্বজদানদের অনুপ্রাণিত হিবেচনা করে তাঁর এক বিশ্বস্ত শিষ্য পরম ঈশ্বর ভক্ত অমরদাসকে গুরুপদ গ্রহণের নির্দেশ দিয়ে যান।

তৃতীয় গুরু অমরদাস (১৪৭৯-১৫৭৪ খ্রিস্টাব্দ) ছিলেন একজন বৈষ্ণব কৃষক ও ব্যবসায়ী। স্ত্রী ও দুই পুত্র নিয়ে ছিল তাঁর স্বচ্ছল জীবন। গুরুর মুখে কবীর উচ্চারণ শুনে তিনি তাঁর প্রতি আকৃষ্ট হন। শিখ ধর্মকে তিনি আরও মানবমুখী ও সার্বজনীন রূপে রূপায়িত করেন। তিনি সতীদাহ প্রথা ও নারীজাতির পর্দা প্রথার বিরুদ্ধে সংগ্রাম করেন। তাঁর পূর্বের গুরুদের বাণী তিনি তাঁর নৌত্র গায়ত্রী রামকে দিয়ে লিখিয়ে নিয়ে গ্রন্থসাহিবের দুই খণ্ডে সংকলন করেন। গুরুত্বের এই হল শুরু। তিনিই অনেক হিন্দু ভক্তদের বাণীও এই গ্রন্থসাহিবে সংকলন করেন। তিনি গুরু নানক ও গুরু অঙ্গদের দুই পুত্রের কাছ থেকে তিরী রামদাসকে সরিয়ে নেন।

চতুর্থ গুরু রামদাস (১৫৭৪-১৬০১) শাহেবে জন্মগ্রহণ করেন। তিনি গুরু অমরদাসের পুত্রে আগত তীর্থযাত্রীদের নিকট হতে সিন্ধু ও পাঞ্জাবের ছিটি বই লিখে নিতেন। অবসর সময়ে তিনি গুরু অমরদাসের সেবা যত্ন করতেন। দুবার রামদাসের মুখস্থ শ্রদ্ধা ও সেবাপরায়ণতায় আকৃষ্ট হয়ে গুরু অমরদাস তাঁর জ্যেষ্ঠ কন্যা বিবি ভানীর সঙ্গে তাঁর বিবাহ দেন। নিজ পুত্রদের অযোগ্য বিবেচনা করে অমরদাসকে তাঁর উত্তরাধিকারী নির্বাচিত করে যান। তিনি রামদাসপুর নগরীর প্রতিষ্ঠা করেন যার বর্তমান নাম অমৃতসর। নতুন জায়গায় ব্যবসায়ীদের তিনি সহজশর্তে এ শহরে বসতি স্থাপনের জন্য আমন্ত্রণ জানালে তাঁরা অনেকে সস্তায় জমি নিয়ে এখানে ব্যবসায়িক কর্মে লিপ্ত হলেন। ক্রমে এ শহর এক বিশ্বখ্যাত বাণিজ্য কেন্দ্রস্থলে পরে উঠল। তিনি শিখ সম্প্রদায়ের আমৃত্যুর ব্যবসায়ীদের একে অপরকে সাহায্যের হাত বাড়াতে আমৃত্যু জানালেন। কৃষিকর্ম পরিত্যাগ করে অনেকে গুরুর আমৃত্যু কথোপকথন-বাণিজ্যে আত্মনিয়োগ করলেন। তারা অনেকে মূলধন নিয়ে ঘোড়ার ব্যবসায় বা অন্যান্য খাতে আত্মনিয়োগ করে অর্থনৈতিক উন্নতির পথে অগ্রসর হলেন। এ পথে আজ শিখজাতি হয়ে এক সমৃদ্ধশালী জনগোষ্ঠী।

পঞ্চম গুরু অর্জুনদেব (১৫৬৩-১৬০৬) ছিলেন গুরু রামদাসের কনিষ্ঠ পুত্র। তিনি অমৃতসরে যে মন্দির নির্মাণ করেন তাই বিশ্ববিখ্যাত স্বর্ণমন্দির। এ মন্দিরের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছিলেন মুসলিম সাধু মিয়া মীর। গুরু অর্জুনদেব তরণতারণ ও করতারপুর শহরদ্বয় প্রতিষ্ঠা করেন। এ মন্দিরের চতুর্ভুজিক যুক্ত—মন্দির তাকবার যোতক এ ব্যবস্থা। জাতি, ধর্ম ও বর্ণনির্বিশেষে বিশ্বের চতুর্দিকের মানুষের প্রতি আহ্বান এ গুরুদ্বারে। গুরুগ্রন্থ সাহিবের সংকলনের তিনি সম্পাদ করেন। তিনি ছিলেন সম্রাট আকবরের বিশেষ প্রিয়ভাজন। হিন্দু-মুসলমান উভয় সম্প্রদায়ের মধ্যে তাঁর গভীর শ্রদ্ধাবোধের শক্তির হয়ে দুষকজ সেলিম তাঁর বিরুদ্ধে ষড়যন্ত্র করেছিলেন। আকবরের নিকট তাঁর বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছিল তিনি গুরুগ্রন্থে ইসলামের অবমাননা করেছেন। ১৬০৮ খ্রি সম্রাটের সম্মুখে এই পবিত্র গ্রন্থ পাঠ করার আদেশ দিলেন সম্রাট। তা শ্রবণ করা হলে আকবর গুরুর বাণীতে আনন্দ লাভ করেছিলেন। তারপর তিনি এর মধ্যে এক সমন্বয় ভাবনার জন্ম দেখতে উৎসুক উপলব্ধি করলেন। সেলিম (সম্রাট জাহাঙ্গীর) ছিলেন অন্য আদুরে ধরা। গুরু অর্জুনদেবের ক্রমবিস্তারমান শক্তিতে ভয় হয়ে এবং বিদ্রোহী পুত্র খসরুকে সাহায্য করার সন্দেহে সম্রাটের তাঁর প্রাণ হরণ করান। এ কথা জাহাঙ্গীর তাঁর আত্মজীবনী তুজুক-ই-জাহাঙ্গীরীতে স্বীকার করেছেন। গুরু অর্জুনদেব ৩০.৫.১৬০৬ তারিখে লাহোরে শহিদের মৃত্যুবরণ করেন।

ষষ্ঠ গুরু হরগোবিন্দের (১৫৯৫-১৬৪৪) সময় থেকে শিখ শত্রু এক নতুন ধারার সন্ধানে অগ্রসর হতে শুরু করল। ক্ষমাশীলতা ভাবনার পরিবর্তে সূচনা হল যৌগপূর্ণ এক জঙ্গীর ভাবনার। তাঁর গুরুপদে অভিষেকে হয়েছিল মাত্র এগার বছর বয়সে। এ অভিষেক অনুষ্ঠানে পৌরোহিত্য করেছিলেন বাবোজোই একনিষ্ঠ শিখ ভাই বুঢ়ন। তিনি গুরু নানকের সময় থেকে শিখ ধর্মপ্রচারের ছিলেন প্রত্যক্ষ সাক্ষী। অভিষেক অনুষ্ঠানে গুরু হরগোবিন্দ দুই হাতে ধারণ করেছিলেন দুই অসি। তাই নূতন নব-অভিষিক্ত গুরুকে ঘোড়ায় চড়া, তীরন্দাজি ইত্যাদি শিক্ষা, অসি চালনা, শরীরচর্চা ইত্যাদি সামরিক প্রশিক্ষণে শিক্ষিত করলেন। গুরু নানকের সময় থেকেই গুরুর পরিচয় ছিল সচ্চা পাদশা অর্থাৎ সত্যের রাজা। তাঁর সঙ্গে সাক্ষাৎ করার নিয়ম কানুন নাম হল দরবার আর গুরুপদে অভিষেক পর্বকে বলা হল সিংহাসন আরোহণ। তাঁর রাজত্ব হল সচ্চাপাদশাহ অর্থাৎ প্রকৃত শাসন। তাঁর মাথায় উঁচুমি ছামরের সাহায্যে বাতাস করার ব্যবস্থা হল। শিখ সম্প্রদায়ের ধর্ম সংগঠনের উদ্দেশ্যে তিনি অমৃতসর মন্দিরের বিপরীত দিকে এক অট্টালিকা নির্মাণ করালেন যার নাম আকাল তখত অর্থাৎ অবিনশ্বরের সিংহাসন। এখানে ধর্মীয় আলোচনা ছাড়াও তাঁদের সঙ্গে সম্পর্ক যুক্ত নানা বিষয়ের আলোচনা হতে আসছে আজও। এখানে তিনি 'লোহাগড়' অর্থাৎ লোহার দুর্গ নামে এক ছোট দুর্গও নির্মাণ করান ও পাঁচ হাজার সৈন্যের এক ছোট পদাতিক ও অশ্বারোহী বাহিনী। তিনি সমস্ত শ্রদ্ধালু শিখদের নিকট নির্দেশ পাঠান তাঁকে কোনও উপহার দিতে হলে তা হবে ঘোড়া অথবা কোনও অস্ত্র। তিনি শিকারেও যেতেন।

গুরুর নির্দেশে শহরে এমন পরিবর্তনে শাসক সন্তুষ্ট হয়। শহরে সমস্ত কর্মকাণ্ডের দৃষ্টিতেও প্রশাসকদের শাসনাধীন নিশ্চিন্ত মনে হল। সম্রাট জাহাঙ্গীর সন্তুষ্ট হয়ে গুরু হরগোবিন্দকে গোয়ালিয়র দুর্গে বন্দী করে রাখার নির্দেশ দিলেন। অনেকের মতে তাঁর কারাবাসের মেয়াদ ছিল বছর, তবে তার পূর্বেই তিনি মুক্তি পেলেন। গোয়ালিয়র দুর্গে গুরুর ঈশ্বরচিন্তা ও নিষ্ঠাবান জীবনযাপনের দৃষ্টান্তে জাহাঙ্গীর মুগ্ধ হয়ে তাঁর কারাবাস মকুব করে তাঁর সঙ্গে সাক্ষাৎ স্থাপন করলেন। গুরু হরগোবিন্দ ভারতবর্ষের নানা স্থানে ভ্রমণ করলেন। স্থানীয় মানুষ অনেকে তাঁর প্রচারিত ধর্ম গ্রহণ করলেন। তিনি কাশ্মীর ও উত্তরপ্রদেশের সিলসিটে গুরুদ্বার নির্মাণের মাধ্যমে শহরের প্রতিষ্ঠা করলেন। শাহজাহান সিংহাসনে বসলে ধর্মান্তকরণ নিষিদ্ধ ঘোষণা করা হল। গুরুর নির্মিত শহরগুলোর গুরুদ্বারে ধনে সাধন করে আর উপর কর্তৃক নির্ধারণ করানো হল। মোগলদের সঙ্গে গুরু হরগোবিন্দের নেতৃত্বে শিখদের সংঘর্ষ চলতে লাগল। গুরু হরগোবিন্দও তাঁর পুত্রদের অযোগ্য বিবেচনা করে তাঁর পৌত্র হরিরাইকে উত্তরাধিকারী হওয়ার নির্দেশ দিয়ে যান।

সপ্তম গুরু হরিরায় (১৬৩০-১৬৬১) শিখগুরুর গরিমাকে রক্ষা করার জন্য ২২০০ সৈন্যের এক অশ্বারোহী বাহিনী গড়ে তোলেন। তিনি কখনও মোগলদের তাঁর বিরুদ্ধে সংঘর্ষে লিপ্ত হওয়ার কোনও সুযোগ দেননি। শরীর আত্মরক্ষার সঙ্গে শিখধর্মের উন্নতির বিষয়ে তিনি বিশেষ

—গুরু শিবলিঙ্গ পাহাড়ে জমি ক্রয় করে এক শহরের পত্তন করলেন যার নাম আনন্দপুর, বর্তমান হোশিয়ারপুর জিলার অধীনে।—

মহাপ্রয়াণ দিয়েছিলেন। ১৬৬১ খ্রিস্টাব্দে পুত্র হরিকৃষ্ণকে তাঁর উত্তরাধিকারী নিযুক্ত করে তিনি পরলোকগমন করেন।

অষ্টম গুরু হরিকৃষ্ণ (১৬৫৬-১৬৬৪) পাঁচ বছর বয়সে গুরুপদে অভিষিক্ত হন। তাঁর গুরুপদে অভিষেকে সংঘের জ্যেষ্ঠ ভ্রাতা রামরায়ের মনঃপূত ছিল না। সভাটি শান্তস্বভাবের সঙ্গে ষড়যন্ত্র করে তাঁর সন্তুষ্টিসাধন প্রার্থনা করলে সভাটি ভাবলেন যেকোনওবিধীন এমন একজন সন্তুষ্টজনকে শিখদের গুরুপদে অভিষিক্ত করতে পারলে তাঁর অনেক চিন্তা দূর হবে। বিষয়টি নিশ্চিন্তির জন্য উভয়পক্ষকেই সভাটির দরবারে ডাকা হল। সভাটি বালক হরিকৃষ্ণের বুদ্ধি পরীক্ষা করে আশ্চর্য হয়ে গেলেন। সর্বোপরি শিখসম্প্রদায়ও তাঁদের ধর্মের স্থানাদের সভাটির হস্তক্ষেপে বিরক্ত হলেন। এরই মধ্যে গুরু কলসংক্রোগে আক্রান্ত হলে মাত্র আট বছর বয়সে শিষ্টিতে পরলোকগমন করলেন। তাঁর মৃত্যুর পূর্বে তিনি উপস্থিতিকারীগণকে সম্পর্কে নিকটস্থ বাকলার তেগবাহাদুরের নাম করে গেলেন। তেগবাহাদুর তখন ঠিক মতে নির্লিপ্ত সাধু জীবন-যাপন করছিলেন।

